<u>শিরোনাম</u>

প্রবাসী পত্রিকায় প্রকাশিত রচনা সমূহের বিষয় ভিত্তিক বিশ্লেষণ

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অধীনে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের পি. এইচ. ডি. উপাধির জন্য প্রদত্ত অভিসন্দর্ভ

তত্ত্বাবধায়ক

ডঃ সুদীপ রঞ্জন হাটুয়া

গবেষক

নাণ্টু আচার্য্য

২০১৬

রবীন্দ্র ভারতী
Rabindra Bharati

This is to certify that Shri Nantu Acharjya obtained the degree of Doctor of Philosophy in Library & Information Science in this University in the session 2016-2017 at the 42nd Annual Convocation.

Rabindra Bharati University
Kolkata
The 8th May, 2017

Vice-Chancellor

উৎসর্গপত্র

এই গবেষণাপত্রটি

আমার বাবা

শ্রীনিখিল আচার্য্য

ও

আমার মা

শ্রীমতি অর্চনা আচার্য্য

কে

উৎসর্গ করলাম।

কৃতজ্ঞতা স্বীকার

এই কাজটি করা অসম্ভব মনে হয়েছে। অধ্যাপক ডক্টর শ্রী সুদীপরঞ্জন হাটুয়া মহাশয় ও আমার সহধর্মিণী শ্রীমতী শাশ্বতী সেন এর ক্রমাগত তাগাদা না থাকলে কোন দিনই আলসেমি কাটিয়ে এই কাজ সমাপ্ত করতে পারতাম না। ধন্যবাদ জানাই আমার প্রিয় ও শ্রদ্ধেয় শিক্ষক শ্রী জুড়ান কৃষ্ণ সরখেল মহাশয়কে, তাঁর ঐকান্তিক ইচ্ছা আমার এই গবেষনায় দ্রুততা এনে দিয়েছে।

প্রবাসীর সকল প্রকাশনা সহজে এবং সুলভে সংগ্রহ করার জন্য সেন্টার ফর সোশ্যাল সায়েন্স স্টাডিসকে অসংখ্য ধন্যবাদ। তাদের অজান্তেই সকল খন্ড ও সংখ্যা অনলাইনে Savifa.com এবং Digital Library of India থেকে ডাউনলোড করেছি। এই সুবিধা পাওয়ার জন্য ধন্যবাদ। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সকল কর্মীবৃন্দ বিশেষ ভাবে গ্রন্থাগারিক অভিজিৎদাকে অসংখ্য ধন্যবাদ। বঙ্গীয় সাহিত্য পরিষদের সহকারী গ্রন্থাগারিক, আমার বন্ধুবর অসীমকুমার জানাকে জানাই কৃতজ্ঞতা। জাতীয় গ্রন্থাগার থেকে প্রবাসী সম্পর্কে বহু তথ্য সংগ্রহে সাহায্যের জন্য আমার ছাত্রী শ্রীমতী তনুশ্রী ভদ্রকে ধন্যবাদ। ধন্যবাদ জানিয়ে খাটো করব না, রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক শ্রীঅভিজিৎ কুমার ভৌমিক মহাশয়কে, যিনি প্রবাসীর প্রাপ্তির সন্ধানসূত্র জানিয়ে অশেষ সাহায্য করেছেন।

এছাড়া সকল বন্ধুবর যারা প্রবাসী সম্পর্কে বিশেষ ভাবে তথ্য পরিবেশন করেছেন, তাদেরকেও অশেষ ধন্যবাদ। ধন্যবাদ জানাই স্বর্গীয় শ্রী অরুণকুমার ঘোষ মহাশয়কে, এই কাজের জন্য আমায় মনোবল প্রদান করার জন্য। সবশেষে অশেষ ধন্যবাদ জানাই আমার সুপুত্র আয়ূষকে, যার দুষ্টুমি ও বিরক্তিকর কার্যকলাপ আমার এই কাজের ব্যাঘাত ঘটিয়ে, কাজের গতি স্তব্দ করে আমায় সাময়িক অবসর ও মনোরঞ্জনের সুযোগ করে দিয়েছে।

গবেষক

মুখবন্ধ

পৃথিবীর সর্ব শ্রেষ্ঠ জীব হিসাবে 'মানুষ নিজেকে স্থাপন করেছে সর্বাগ্রে। অন্যান্য জীবকুল থেকে মানুষ এই স্বাতন্ত্রতা পেয়েছে তাঁর বুদ্ধিমত্তা, স্বত্বা, চিন্তাশীলতা, উৎকর্ষ মূল্যবোধের কারনে। এই উর্বর চিন্তন প্রকাশ পায় বিভিন্ন লেখনের মাধ্যম্যে, কবিতার আকারে, প্রবন্ধাকারে, চিত্রের মাধ্যমে, রচনা ও নানাবিধ প্রকারে। এই মানবিক চিন্তন প্রকাশিত হয় গ্রন্থে, সাময়িক পত্রে, লিটল ম্যাগাজিনে ইত্যাদিতে। মানুষ তাঁর ভাবনাকে চিরন্তন করার জন্য এই সকল মাধ্যমের সাহায্য নিয়েছে। এই ভাবনা যাতে বংশ পরম্পরায় কালের সীমানা পেরিয়ে এগিয়ে যেতে পারে, ভবিষ্যতের হাতে পৌঁছাতে পারে। মানবের এই প্রয়াসই তাঁকে অনন্য করেছে, স্বতন্ত্র করেছে, উৎকর্ষ করেছে।

বস্তুতঃ চিন্তা ভাবনা মনন প্রকাশ করার অন্যতম মাধ্যম হল গ্রন্থ। খুব সহজেই এটি অনুধাবন করা যায়। কোন বিষয়ের উপর সঠিক আলোকপাত করা যায়। গ্রন্থের ব্যবহারে মানুষ নানাবিধ জ্ঞান লাভ করে। গ্রন্থের পাশাপাশি সাময়িক পত্রেরও গুরুত্ব সমধিক। যদিও সাময়িক পত্র আগমন খুব সুদূর নয়। সাময়িক পত্রের বৈশিষ্ট্য ও গুণাবলীর জন্য গ্রন্থ থেকে আলাদা মাত্রা পেয়েছে সাময়িকপত্র।

আবহমান কাল থেকে জ্ঞান জগতের পরিধি ক্রম বর্ধমান। সময়ের সাথে সাথে কালের নিয়মে জ্ঞানের বিকাশ ঘটে চলেছে। অতীত জ্ঞানের উপর ভিত্তি করেই বর্তমান জ্ঞান বিকশিত হয়। ভবিষ্যতের জ্ঞানের প্রেক্ষাপট হিসাবে অতীত, বর্তমান জ্ঞান বিশেষ ভাবে একান্ত সহযোগী। মানব সমাজে জ্ঞানের প্রকাশ বিভিন্ন মাধ্যমে হয়ে থাকে। বর্তমান জ্ঞানের বিস্তৃতি ও প্রসার ক্রমশঃ সম্প্রসারিত হচ্ছে। জ্ঞান ভাণ্ডার সমৃদ্ধ হচ্ছে নতুন ভাবনায় ও নানা দৃষ্টিকোণ থেকে আলোচিত বিষয়াবলীর দ্বারা। নতুন অনেক ধারনার সূত্রপাত ঘটেছে ঐতিহাসিক বিষয়ের সংগঠনে। অতীত কালে বহুল আলোচিত বিষয়াবলীর আলোকে বর্তমান বিষয়ের পর্যালোচনা আজ সর্বজনীন হয়েছে।

অতীত কালে যে সংবাদ, খবর, বিষয়গত আলোচনা ইত্যাদি প্রকাশিত হত, তা আজ অত্যন্ত গুরুত্বপুর্ন ঐতিহাসিক নথী হিসাবে গন্য করা হয়। অনেক সন্ধান সুত্রের মাধ্যমে পাঠকগণ তথা তথ্য ব্যবহারকারীগণ উক্ত ঐতিহাসিক জ্ঞানভাণ্ডার থেকে সহজেই তথ্য আহরণ করে থাকেন। এই তথ্যের সঠিক ব্যবহারেই বর্তমান ও ভবিষ্যৎ সুখকর হয়, সহজ হয়।

এমনই এক যুগান্তকারী কাল উত্তীর্ণ সমসাময়িক বহুল প্রচলিত পত্রিকা হল 'প্রবাসী'।

সূচীপত্র

১. প্রারম্ভিক অংশ (i-x)

২. ভূমিকা (০১-০৯)

৩. রচিত সাহিত্যের পরিদর্শন (১০-১৭)

৪. প্রবাসীঃ একটি বিবরণ (১৮-২৩)

৫. তথ্য সংগ্রহ (২৪-১৫৩)

৬. তথ্য বিশ্লেষণ (১৫৪-৩৪১)

৭. ফলাফল ও সিদ্ধান্ত (৩৪২-৩৫০)

৮. তথ্যসূত্র (৩৫১-৩৫৫)

সারণী সূচী

চিত্র সূচী

২. ভূমিকা

২.১ ভূমিকাঃ

গবেষণামূলক রচনা কথাসাহিত্য (কবিতা, উপন্যাস, গল্প, নাটক প্রভৃতি) থেকে সম্পূর্ণ ভিন্ন ধরণের সৃষ্টি। কথাসাহিত্যে বিষয়বস্তুর সত্যতা বা যথার্থ্যের প্রশ্ন ওঠে না, কিন্তু গবেষণা রচনায় সত্যতা এবং প্রামাণ্য শুরু থেকে শেষ পর্যন্ত বজায় রাখা আবশ্যিক। কারন সেই সত্য ও প্রামাণিক তথ্যের ওপরই গবেষণার সাফল্য নির্ভর করে। তথ্য-প্রামাণ্য যেমন গবেষণা কর্মের একটি বৈশিষ্ট্য, তেমনি অপর বৈশিষ্ট্য হচ্ছে যুক্তিগ্রাহ্যতা। সুতরাং এক কথায় বলা যেতে পারে যে, তথ্য ও যুক্তির সুসামঞ্জস্য এবং স্বীকৃত পদ্ধতির মাধ্যমে বিশ্লেষণ ও সতর্ক সাপেক্ষে সত্য আবিষ্কারই গবেষণা কর্মের মূল লক্ষ্য।

আলোচ্য গবেষণায় "প্রবাসী" পত্রিকার প্রকাশিত রচনা সমূহের বিশ্লেষণ করা হয়েছে। এই গবেষণাটি আন্তর্ক্ষেত্র গবেষণা হিসাবে ধরা যায়। শুধুমাত্র গবেষণার আখ্যা নয়, গবেষণার উপাদান, বিশ্লেষণের ভঙ্গী, তাত্ত্বিক দৃষ্টিকোণ ব্যবহারের ভঙ্গী, উপস্থাপনার শৃঙ্খল – এইসবের মধ্যে অন্তর্বিদ্যামূলক গবেষণার মূল পরিচয় নিহিত থাকে। আপাতদৃষ্টিতে এটি সাহিত্যিক গবেষণা মনে হলেও বিষয় বিশ্লেষণ একান্তই গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়াধীন। এছাড়া তথ্য বিশ্লেষণে গ্রন্থমিতির প্রভাব লক্ষ্যনীয়। এই দিক থেকে এটি পরিসংখ্যান বিষয়াধীন। সুতরাং বিষয়ের গোঁড়ামিতে আবদ্ধ না থেকে বিদ্যাচর্চার ব্যাপারে উদার হওয়ার এই সময়ে অন্তর্বিদ্যামূলক গবেষণা যথার্থ পদক্ষেপ।

অপর একটি দৃষ্টিকোণ থেকে এই গবেষণাটি এক্সপ্লোরেটিভ বা ফরমুলেটিভ রিসার্চ। কারন যে গবেষণার উদ্দেশ্য হল, ভবিষ্যতের বড় গবেষণার জন্য তথ্য সংগ্রহ করা, সেই গবেষণাই হল এক্সপ্লোরেটিভ বা ফরমুলেটিভ রিসার্চ। উক্ত গবেষণায় "প্রবাসী" পত্রিকায় প্রকাশিত সাতাত্তর বছরের রচনা তথা প্রবন্ধের বিষয় ভিত্তিক তথ্য সংগ্রহ করা হয়েছে এবং বিন্যস্ত করা হয়েছে।

২.২ গবেষণা পত্রের উপযোগিতাঃ

এই গবেষণার মাধ্যমে বিশেষ কোন সত্য উদ্ভাবন করা হয় নি। এই গবেষণায় ‘প্রবাসী’ পত্রিকার মূল চরিত্র তথা বিষয় নির্ধারিত হয়েছে। এটি সর্বজনবোধ্য রচনা। ‘প্রবাসী’ পত্রিকার বিষয় বিশ্লেষণের মাধ্যমে যে বিষয়াবলীর উল্লেখ করা হয়েছে, সেগুলি ‘প্রবাসী’র চরিত্র নির্ধারনের পক্ষে প্রয়োজনীয়। বহু জ্ঞানী পণ্ডিত ‘প্রবাসী’ পত্রিকাকে মিশ্র বিষয়ের পত্রিকা বলে অভিহিত করেছেন। এই গবেষণার মাধ্যমে উক্ত বিশেষণটির সত্যতা যাচাই হয়েছে।

যদিও এই গবেষণাটি গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ থেকে কৃত, তথাপি এই গবেষণার সম্ভাব্য পাঠককূল সমাজ বিজ্ঞানের নানা শাখায় বিদ্যমান। এই গবেষণার ফলে উপকৃত হয়েছে সাহিত্যিক, ঐতিহাসিক, দার্শনিক, বৈজ্ঞানিক প্রমুখ সম্প্রদায়। সমাজ বিজ্ঞানের নানা স্তরের গবেষণার কাজে এই গবেষণাটি বিশেষ ভাবে সমাদৃত হয়েছে। এই গবেষণার মাধ্যমে পাঠকবর্গের কাছে “প্রবাসী’ সম্পর্কিত নতুন নতুন তথ্য প্রদান করা হয়েছে, ‘প্রবাসী’র প্রকাশনার ধারাকে পাঠকের কাছে তুলে ধরা হয়েছে। সর্বোপরি, ‘প্রবাসী’র সামগ্রিক প্রকাশকাল ও প্রবন্ধের বিষয় বিশ্লেষণ যে কোন পাঠক তথা গবেষকের কাছে অত্যন্ত প্রয়োজনীয়। গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের গবেষক হিসাবে এই সার্থকতা যথেষ্ট উপভোগ্য।

এই গবেষণাপত্রে ‘প্রবাসী’ পত্রিকার প্রকাশিত প্রবন্ধগুলির বিষয় বিশ্লেষণ করে সুসংবদ্ধ ভাবে উপস্থাপিত হয়েছে, যা পাঠকের পক্ষে ‘প্রবাসী’ পত্রিকা ব্যবহারে বিশেষ সহায়ক হয়েছে। উল্লেখ্য এই গবেষণায় কোন প্রবন্ধের সত্য যাচাই করা হয় নি বা কোন প্রবন্ধে প্রকাশিত তথ্যের সত্যের ভিত্তির সন্ধান সূত্র অনুসন্ধান করা হয় নি। এখানে শুধুমাত্র প্রকাশিত প্রবন্ধের বিষয় বিশ্লেষণ করে ‘প্রবাসী’ পত্রিকার প্রকাশ ধরণ প্রকাশনার বিস্তার ও প্রকাশনার বিষয় ভিত্তিক বিশ্লেষণ করে দেখানো হয়েছে যে, বিষয়ের আঙ্গিকে ‘প্রবাসী’ পত্রিকার অবস্থান। এখানে বিষয় সমূহ বিশ্লেষণ করে বিষয়ানুগ প্রবন্ধগুলি সজ্জিত হয়েছে, ফলে একজন পাঠক তার প্রয়োজন অনুসারে উক্ত বিষয়ের উপর প্রকাশিত সকল প্রবন্ধগুলির প্রাথমিক তথ্য পেয়ে যায়। এর ফলে গবেষকের সময় সাশ্রয় হয়েছে এবং গবেষণার গতি দ্রুত হয়েছে।

২.৩ গবেষণার সমস্যার বিবৃতিঃ

‘প্রবাসীর প্রায় সম্পূর্ণ প্রকাশনা বিভিন্ন গ্রন্থাগারে পাওয়া গেলেও কোন নির্ঘণ্ট অদ্যাবধি প্রকাশিত হয় নি’।[১] ২০০৩ সালে প্রকাশিত বাংলাপিডিয়ায় উক্ত লাইনটি দেখা গেছে। এখন পর্যন্ত লাইনটি http://www.banglapedia.org/HT/P_0246.HTM (১১.০৪.২০১৩) তে বর্তমান। কিন্তু ২০০৪ সালে প্রকাশিত হয়েছে গীতা চট্টোপাধ্যায় ও প্রীতি মিত্র রচিত “প্রবাসী সম্মিলিত সূচি (১৩০৮-১৩৩৩ বঙ্গাব্দ)”। তারা মোট ২৬ বছরের (২৬X১২)= ৩১২টি মাসিক সংখ্যার সূচি নির্ধারণ করেছেন। কিন্তু প্রবাসীর সামগ্রিক মাসিক সংখ্যার সংখ্যা ৯২৪। সুতরাং তারা সামগ্রিক ভাবে তিনি কাজটা করেন নি। এই গ্রন্থে মোট ছয়টি শিরোনামে ২৬ বছরের সূচি লিপিবদ্ধ হয়েছে। এই শিরোনামগুলি হলঃ দেশ বিদেশের কথা; বিবিধ প্রসঙ্গ; পঞ্চশস্য; প্রবাসীর সাহিত্য সম্ভার; গান ও স্বরলিপি এবং বিবিধ। প্রবাসীর সাহিত্য সম্ভার শিরোনামের অন্তর্গত হল কবিতা; নাটক; উপন্যাস; গল্প, কথিকা ও প্রবাদ। লেখিকাদ্বয় উক্ত সময়ের সম্পূর্ণ প্রকাশিত প্রসঙ্গের সূচি তৈরি করেন নি। যদিও গ্রন্থের মুখবন্ধে সীমাবদ্ধতা রূপে কয়েকটি বিষয়ের উল্লেখ করা হয় নি বলে উল্লেখিত আছে। তবুও তথ্য উৎস হিসাবে প্রবাসীর অবদান অনস্বীকার্য। খুব সামান্যতম হলেও সামগ্রিক সুচির প্রয়োজন আছে, তা মানতেই হয়েছে। প্রবাসী গবেষক, ইতিহাস গবেষক, সাহিত্য গবেষক প্রমুখের কাছে নির্ঘণ্টের মূল্য অমূল্য। তাই সামগ্রিক গবেষণার কাজে সাহায্যের জন্য একটি পূর্ণাঙ্গ সুচির সমূহ আবশ্যক। এবং তার জন্য প্রয়োজন একটি পুর্ণাঙ্গ গবেষণা, যেখানে প্রবাসীর প্রকাশনার বিষয় সমূহ বিশ্লেষিত হয়েছে।

এছাড়া গ্রন্থমিতির ব্যবহারও বিশেষ তাৎপর্যপূর্ণ। গ্রন্থমিতি হল গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বৃত্তির একটি সাংখ্যিক কৌশল বা পরিমাপ বিজ্ঞান যার দ্বারা বিভিন্ন প্রকার মাধ্যমের প্রকাশক, লেখক, প্রমান স্বরূপ উল্লেখিত নথী ইত্যাদি সম্পর্কে সাংখ্যিক বিশ্লেষণের মাধ্যমে তাদের বৈশিষ্ঠ্য ও কাজের ধারা সম্বন্ধে জানা যায়। গবেষণা পদ্ধতি হিসাবে গ্রন্থমিতি কৌশল ব্যবহার করা হয় কারণ এর মাধ্যমে সম্ভব হয় “to shed light on the process of written communication and of the nature and course of development of discipline by means of counting and of analyzing the various facers of written communication”[২] প্রবাসীর সুদীর্ঘ কালের প্রকাশনার ধারার ঐতিহাসিক মূল্য আছে। সমগ্র প্রবাসীতে কোন লেখকের অবদান বেশি, পুরুষ লেখক ও মহিলা লেখিকা লেখনের অনুপাত, বিদেশি লেখকের অবদান

কতটা তা জানার জন্য গ্রন্থমিতির প্রয়োগ বিশেষ উপযোগী। তাছাড়া বর্ষ সংখ্যা অনুযায়ী প্রকাশিত প্রবন্ধের ধারাও বিশেষ তথ্য প্রদান করে।

২.৪ উদ্দেশ্যঃ

এই গবেষণার মূল উদ্দেশ্য হল, প্রবন্ধ সমূহের বিষয় ভিত্তিক বিশ্লেষণ করা। এই বিষয় বিশ্লেষণের মাধ্যমেই প্রবাসীর প্রকাশনার প্রকৃতি নির্ধারন করা সম্ভব। প্রতিটি প্রবন্ধের মূল বিষয় চিহ্নিত করেই প্রয়োজনে সূক্ষ্ম স্তরেও বিষয়কে চিহ্নিত করা হয়েছে। ফলে বিষয়ের যথার্থ রূপ শনাক্ত হয়েছে। প্রবাসীর নানা প্রবন্ধের বিবিধ বিষয়রূপকে বিশ্লেষণ করাই এই গবেষণার প্রধান উদ্দেশ্য।

এছাড়া অন্যান্য উদ্দেশ্যগুলি হল নিম্নরূপঃ

- ✓ প্রবাসীতে প্রকাশিত প্রবন্ধাবলীর বর্ষানুযায়ী বিন্যাস সজ্জা।
- ✓ প্রকাশিত প্রবন্ধের লেখক-নাম যুক্ত ও নাম বিহীন সংখ্যা তালিকা
- ✓ বর্ষ অনুযায়ী লেখক-নাম যুক্ত প্রবন্ধাবলী তালিকা
- ✓ লেখক-নাম বিহীন প্রবন্ধাবলীর তালিকা
- ✓ লেখক তথা প্রবন্ধাকার ও প্রবন্ধের বিস্তার
- ✓ লিঙ্গভেদে লেখকবৃন্দ
- ✓ মহিলা লেখক ও প্রবন্ধের বিস্তার
- ✓ মুসলিম লেখক ও প্রবন্ধের বিস্তার ছদ্মনাম ও প্রবন্ধের বিস্তার
- ✓ প্রকাশিত প্রবন্ধাবলীর মূল বিষয়গুলির শনাক্তকরণ ও তালিকা বিন্যাস করা।
- ✓ প্রবাসীতে প্রকাশিত জীবনী মূলক প্রবন্ধের তালিকা
- ✓ প্রবাসীতে প্রকাশিত মহিলাদের রচনা ও তালিকা বিন্যাস করা।
- ✓ প্রবাসীতে প্রকাশিত ছদ্মনাম ও রচনার বিন্যাস করা।
- ✓ প্রকাশনার ধারা নির্ধারন করা।

২.৫ অনুমানঃ

গবেষনা পত্রের অন্যতম অনুমানগুলি হলঃ

১. 'প্রবাসী' মিশ্রিত বিষয় সমন্বিত পত্রিকা হলেও গ্রন্থাগার বিজ্ঞান স্থান পায় নি।

২. গ্রন্থাগার আন্দোলনে প্রবাসী পত্রিকার কোন ভূমিকা নেই।

৩. বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সাথে প্রবাসীর কোনরূপ সম্পর্ক ছিল না।

৪. প্রবাসীর রচনা সম্ভারে ডঃ এস. আর. রঙ্গনাথনের কোন উল্লেখ নেই।

৫. প্রবাসীতে বিজ্ঞান বিষয়ক প্রসঙ্গ ও রচনাগুলি অগ্রাধিকারপায় নি।

২.৬ পরিধিঃ

এই গবেষণা পত্রের পরিধি নির্ণয় খুব সহজ নয়, সেক্ষেত্রে সমগ্র প্রকাশিত সময়কালই (১৩০৮-১৩৮৪ বঙ্গাব্দ) গবেষণার পরিধি। সর্ব মোট ৭৭ বছরের প্রকাশিত প্রবন্ধই এই গবেষণার মূল উপাত্ত। উল্লেখ্য সমস্ত মাসিক সংখ্যাগুলিই গবেষণার পরিধি। তবে পরিধি নির্ণয়ের ক্ষেত্রে প্রবাসীতে প্রকাশিত নিয়মিত বিভাগ সমূহ, চিত্রাবলী, বিবিধ বিজ্ঞাপন, পুস্তক সমালোচনা, বিজ্ঞপ্তি গবেষণার অধীন নয়। এছাড়া 'আলোচনা' শীর্ষকে প্রকাশিত সম্পাদকীয় বিষয়গুলিও গবেষণাধীন নয়।

২.৭ সীমাবদ্ধতাঃ

প্রবাসী বাংলার একটি অন্যতম প্রাচীন পত্রিকা (১৩০৮)। অধিকাংশ গ্রন্থাগারে, সংগ্রহশালায়, ওয়েব সাইটে, ওয়েব সার্ভারে যে প্রবাসী পাওয়া যায়, তার অধিকাংশেই পৃষ্ঠা সংখ্যা অনুপস্থিত এবং গরমিল। পুরাতন হওয়ার কারনে অনেক সংখ্যাই অবিকৃত নেই। সুতরাং প্রবাসী পত্রিকা নিয়ে গবেষণার পূর্বে এই সীমাবদ্ধতা সম্পর্কে জ্ঞান রাখা প্রয়োজন। পুরাতন হওয়ার কারনে অনেক পৃষ্ঠা ছেঁড়া বা পোকায় কেটেছে এমন থাকতে পারে। সঠিক ভাবে সংরক্ষণের অভাবে অনেক সংখ্যা বা বর্ষ হারিয়ে যেতে পারে। অতএব, উক্ত গবেষণার জন্য সম্পূর্ণ ভাবে তথ্য সংগ্রহ করার যথার্থ চেষ্টা করা হয়েছে।

এই গবেষণার শিরোনাম “প্রবাসী পত্রিকায় প্রকাশিত রচনা সমূহের বিষয় ভিত্তিক বিশ্লেষণ”। গবেষণা শুরু করার সময় ‘প্রবাসী’ পত্রিকার বিভিন্ন প্রকাশনার নানা রূপভেদ, নানা ছন্দ, নানা বর্ণময় উপস্থাপনা পরিলক্ষিত হয়েছে। এই নানা উপস্থাপনার মধ্যে শুধু মাত্র প্রবন্ধাকারে প্রকাশিত প্রকাশনাই এই গবেষণা পত্রের মূল উপাত্ত হিসাবে গ্রহন করা হয়েছে। অন্য ভাষায় বললে, এই গবেষণার শিরোনামে যে ‘রচনা সমূহ’ কথাটি ব্যবহার করা হয়েছে, তার ব্যাপ্তিকে সীমিত করা হয়েছে কেবলমাত্র প্রবন্ধ প্রকাশনার মধ্যে। আক্ষরিক অর্থে এই গবেষণার মূল উদ্দেশ্যই হল প্রবন্ধ সমূহের বিষয় ভিত্তিক বিশ্লেষণ।

প্রবন্ধ ব্যতীত অন্যান্য প্রকাশনাগুলির মধ্যে আছে নানা সাহিত্যিক রূপভেদ, যেমন- কবিতা, গল্প, উপন্যাস, নাটক, স্বরলিপি ইত্যাদি। এই গবেষণাতে সাহিত্যের এই রূপভেদের বিষয়কে বিশ্লেষণ করা হয় নি। এছাড়া প্রবাসীতে প্রকাশিত হয়েছে নানা সময়ে স্বতন্ত্র উদ্দেশ্য নিয়ে বিভিন্ন নিয়মিত বিভাগ। এই নিয়মিত বিভাগগুলিতে প্রকাশিত হয়েছে নির্দিষ্ট উদ্দেশ্য সাধন সংক্রান্ত প্রকাশনা এবং এগুলি অধিকাংশই অনুচ্ছেদ সদৃশ ও লেখক-নাম বিহীন। উদাহরণ স্বরূপ- ‘বিবিধ প্রসঙ্গ’ শীর্ষক একটি জনপ্রিয় বিভাগ। এটি প্রবাসীর প্রায় সকল সংখ্যায় বিদ্যমান। এই বিভাগের সকল লেখাগুলিই ছিল সম্পাদক শ্রী রামানন্দ চট্টোপাধ্যায় বিরচিত। এইগুলি এক দৃষ্টিভঙ্গীতে রচনা হলেও প্রবন্ধ নয়।

তাই গবেষণাপত্রে এই সকল নিয়মিত বিভাগে প্রকাশিত নানা টীকা টিপ্পনী বিষয় ভিত্তিক বিশ্লেষণে অন্তর্ভুক্ত করা হয় নি। তথ্য সংগ্রহ কালে নিম্ন বর্ণিত সংখ্যাগুলি পাওয়া যায় নি

শ্রাবণ ১৩৭১; আষাঢ় ১৩৭৬; শ্রাবণ ১৩৭৬; আশ্বিন ১৩৭৬; ভাদ্র ১৩৮১; কার্ত্তিক ১৩৮১; অগ্রহায়ণ ১৩৮১; পৌষ ১৩৮১; মাঘ ১৩৮১; ফাল্গুন ১৩৮১; বৈশাখ ১৩৮২; জ্যৈষ্ঠ ১৩৮২; আষাঢ় ১৩৮২; ভাদ্র ১৩৮২; আশ্বিন ১৩৮২; কার্ত্তিক ১৩৮২; অগ্রহায়ণ ১৩৮২; পৌষ ১৩৮২; মাঘ ১৩৮২; ফাল্গুন ১৩৮২; চৈত্র ১৩৮২ এবং বৈশাখ ১৩৮৩।

২.৮ গবেষণা পদ্ধতিঃ

ভূমিকাতেই উল্লেখিত হয়েছে যে, এই গবেষণা একটি আন্তর্ক্ষেত্র মূলক গবেষণা এবং একই সাথে এটি ফরমুলেটেড রিসার্চ। অন্য একটি দৃষ্টিকোণ থেকে এটিকে বিশ্লেষাত্মক গবেষণা বলা যেতে পারে। বিশ্লেষাত্মক গবেষণা ধারণাত্মক গবেষণার একটি স্তর। এখানে ধারনাগুলির বিমুর্ত রূপ আবিষ্কার করা নয়, বরং বিচারমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে সেগুলির পারস্পারিক সম্পর্ক

নির্ণয়ই মূল লক্ষ্য। সকলের সম্পর্কে প্রযোজ্য যে সত্য তার দিকে অগ্রসর হওয়া এবং সেই সত্যের প্রকৃতি নির্ণয়ের চেষ্টা করা হয় বিশ্লেষাত্মক পদ্ধতিতে।

আলোচ্য গবেষণাটি পরিবৃত হয়েছে "প্রবাসী" পত্রিকার প্রকাশনা নিয়ে। এই গবেষণার পপুলেশান (Population) বলতে বোঝানো হয়েছে প্রবাসীর সকল প্রকাশনা। অর্থাৎ ১৩০৮ বঙ্গাব্দ থেকে ১৩৮৪ বঙ্গাব্দ পর্যন্ত প্রবাসীর সকল প্রকাশনাই এই গবেষণার পপুলেশান। এই ক্ষেত্রে কোনরূপ স্যাম্পেল (Sample) এর সাহায্য নেওয়া হয় নি। যেহেতু এটি একটি পত্রিকার সকল প্রকাশনার উপর গবেষণা, তাই তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনরূপ সমীক্ষা, কোশ্চেনীয়ার, শিডিউল কোন কিছুই ব্যবহার করা হয় নি ।

উক্ত গবেষণাপত্রের শিরোনাম ও উদ্দেশ্যগুলি সাধন করতে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে।

- তথ্য উৎসঃ
- তথ্য সংগ্রহঃ
- তথ্য বিশ্লেষণঃ
- তথ্য উপস্থাপনাঃ
- ফলাফলঃ
- উপসংহারঃ

২.৮.১ তথ্য উৎসঃ প্রবাসী পত্রিকার সকল সংখ্যা যথাযথ ভাবে সংগ্রহ করতে হয়েছে। সেক্ষেত্রে বিভিন্ন পুরাতন গ্রন্থাগার যথা, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, কলিকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার, কল্যাণী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার, সেন্টার ফর্ স্টাডিস ইন সোসাল সায়েন্সেস, কলিকাতা, রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার, উত্তরবঙ্গ রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার, বঙ্গীয় সাহিত্য পরিষদ গ্রন্থাগার, উত্তরপাড়া জয়কৃষ্ণ গ্রন্থাগার, শ্যামনগর কান্তিচন্দ্র উচ্চ বিদ্যালয় গ্রন্থাগার সহ বিভিন্ন গ্রন্থাগার এবং বিভিন্ন ওয়েব সাইট, ডেটাবেস (Digital Library of India), ওয়েব সার্ভার (SavifaDoK, wbpublibnet) ইত্যাদি থেকে প্রবাসী পত্রিকার সংখ্যাগুলি সংগ্রহ করা হয়েছে।

২.৮.২ তথ্য সংগ্রহঃ গবেষণার জন্য প্রয়োজন প্রবাসীতে প্রকাশিত সামগ্রিক তথ্য। সেইজন্য সকল সংখ্যাগুলি প্রায় পূর্ণাঙ্গ ও অবিকৃত অবস্থায় সংগ্রহ করা হয়েছে। ১৩০৮ থেকে ১৩৮৪ সনের প্রায় সমস্ত সংখ্যাগুলি অর্থাৎ ৭৭ বছরের মোট প্রকাশিত সংখ্যা (৭৪X১২) = ৯২৪ টি। এই সকল প্রকাশনাগুলি পুর্ব্বে উল্লেখিত উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। এক্ষেত্রে পত্রিকা ঋণ বা পত্রিকার ফটোকপি বা সরাসরি গ্রন্থাগারে গিয়ে খুব যত্ন সহকারে তথ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত পত্রের যে উদ্দেশ্য ও অনুমানগুলি নির্ধারিত আছে, সেগুলি চরিতার্থ করতে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটা পৃষ্ঠায় উল্লেখিত তথ্যের গ্রন্থপঞ্জীগত তথ্য সংগ্রহ করা হয়েছে। যেমন- শিরোনাম, লেখক নাম, প্রকাশনার ধরণ, প্রকাশনার রূপ, পৃষ্ঠা সংখ্যা, বর্ষ সংখ্যা, খণ্ড সংখ্যা ইত্যাদি।

২.৮.৩ তথ্য বিশ্লেষণঃ মোট ৭৭ বছরের প্রাপ্ত ৯২৪টি সংখ্যা পর পর সাজিয়ে বিশ্লেষণ করা শুরু করা হয়েছে। প্রাপ্ত তথ্যগুলি গবেষণার উদ্দেশ্য চরিতার্থ করার জন্য বিভিন্ন বিভাগ ও উপবিভাগে বিভক্ত করা হয়েছে। প্রথমে প্রতিটি সংখ্যা থেকে মূল প্রকাশনাগুলির ধরণ শনাক্ত করে শিরোনাম, খণ্ড সংখ্যা, বর্ষ সংখ্যা, পৃষ্ঠা সংখ্যা সহ স্বতন্ত্র কাগজে লিপিবদ্ধ করা হয়েছে। পরবর্তী স্তরে প্রকাশনাগুলির বিষয় বিশ্লেষণ করে শিরোনাম, খণ্ড সংখ্যা, বর্ষ সংখ্যা, পৃষ্ঠা সংখ্যা সহ স্বতন্ত্র কাগজে লিপিবদ্ধ করা হয়েছে। এক্ষেত্রে বিষয় বিশ্লেষণ সংকীর্ণ ভাবে করা হয়েছে যাতে প্রকাশিত লেখার বিষয় বস্তুর সূক্ষ্ম বিশ্লেষণ হয়। ব্যক্তি নাম সমন্বিত লেখনগুলিও লিপিবদ্ধ করা হয়েছে। সকল অনুমান সমূহ পর্যালোচনা করা হয়েছে। লিপিবদ্ধ তথ্যগুলি কালানুসারে এবং বর্ণানুসারে সাজিয়ে তালিকা প্রস্তুত করা হয়েছে। সংগৃহীত তথ্যাবলীকে গ্রন্থমিতির প্রয়োগে বিভিন্ন স্বতন্ত্র সারণী প্রস্তুত করা হয়েছে।

২.৮.৪ তথ্য উপস্থাপনাঃ তথ্য বিশ্লেষণের পর প্রাপ্ত সারণী ও তালিকাগুলি বিজ্ঞান সম্মত ভাবে উপস্থাপিত করা হয়েছে।

২.৮.৫ ফলাফলঃ তথ্য উপস্থাপনার পর উদ্দেশ্য ও অনুমানসমূহের যথার্থ বিশ্লেষণ করা হয়েছে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে।

২.৮.৬ উপসংহারঃ প্রবাসী পত্রিকার প্রকাশনার প্রকৃতি ও ধারাবাহিক গতিকে ফলাফলের ভিত্তিতে আলোচনা করা হয়েছে।

২.৯ গ্রন্থপঞ্জীঃ

১. সিরাজুল ইসলাম সম্পা. (২০০৩). বাংলাপিডিয়াঃ বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ (খণ্ডঃ ৬). ঢাকাঃ বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, পৃঃ০৭

২. Hulme, E. W. (1923). Statistical bibliography in relation to the growth of modern civilization. London: Grafton, 44.

৩.বন্দ্যোপাধ্যায়, সুরভি। (২০১১). গবেষণাঃ প্রকরণ ও পদ্ধতি. দেজঃ কলকাতা

৪. ভট্টাচার্য, কিরনশঙ্কর। (১৪০৫ বঙ্গাব্দ). গবেষণা প্রণালী বিদ্যা. মীরা ভট্টাচার্যঃ অশোকনগর

৫. মুখোপাধ্যায়, জগমোহন। (২০১৪). গবেষণাপত্র অনুসন্ধান ও রচনা. আনন্দঃ কলকাতা

৬. শেখ মকবুল ইসলাম। (২০১২). গবেষণার পদ্ধতি বিজ্ঞানঃ সাহিত্য-সমাজ-সংস্কৃতি. বঙ্গীয় সাহিত্য পুস্তকঃ কলকাতা

৭. চট্টোপাধ্যায়, গীতা ও মিত্র, প্রীতি। (২০০৪) প্রবাসী সম্মিলিত সূচি (১৩০৮-১৩৩৩ বঙ্গাব্দ)। সম্পাদক বিমলচন্দ্র চট্টোপাধ্যায়; পরিবেশকঃ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, কলকাতাঃ গীতা চট্টোপাধ্যায় ও প্রীতি মিত্র

৪. প্রবাসীঃ একটি বিবরণ

৪.১ ভূমিকা

গবেষণা কাজের প্রয়োজনীয় তথ্য উৎসের পরিচিতি, পরিধি, অবস্থান ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকা আবশ্যিক। এই ধারণায় কমতি থেকে গেলে গবেষণার কাজ অসম্পূর্ণ রয়ে যায়। আলোচ্য গবেষণায় এই ঘাটতি পূরণের জন্যই উক্ত অধ্যায়ের অবতারণা।

৪.১ প্রবাসী

এলাহবাদ। ২/১ সাউথ রোড। ১৩০৮ সন। বৈশাখ মাস। রামানন্দ চট্টোপাধ্যায় প্রথম 'প্রবাসী' প্রকাশ করেন।

'প্রবাসী'র কথা বলার পূর্বে শ্রী রামানন্দ চট্টোপাধ্যায় সম্পর্কে কিছু না আলোচনা করলে প্রবাসীর কথা নিরর্থক। রামানন্দ চট্টোপাধ্যায় সাহিত্যিক ছিলেন না। তিনি সাহিত্যের ছাত্র ছিলেন। ইংরেজি সাহিত্যে অনার্স পরীক্ষায় (১৮৮৮) প্রথম শ্রেণীতে প্রথম স্থানাধিকারী রামানন্দ তখনই সিটি কলেজের অধ্যাপনার সুযোগ পান। প্রায় সাত বছর সিটি কলেজে পড়ানোর সময়েই রামানন্দ ইংরেজি (Modern Messenger) ও বাংলা (সঞ্জীবনী) পত্রিকায় নিয়মিত লেখালেখি শুরু করেন। বলা যায়, এই সময় থেকেই তিনি সাংবাদিকতার শিক্ষানবিশকতায় মগ্ন ছিলেন।

রামানন্দ চট্টোপাধ্যায় সিটি কলেজ থেকেই ১৮৯০ সালে ইংরেজিতে এম.এ.পরীক্ষায় দিলেন। তবে এবার প্রথম নয়, হলেন চতুর্থ। এটি মূলত একই সাথে শিক্ষকতা ও সাংবাদিকতার ফল। ইতিমধ্যে তাঁর জীবনে ঘটে গেছে দুটি ঘটনা- ১৮৮২ সালে পিতৃবিয়োগ এবং ১৮৮৬ এ মনোরমা দেবীর সাথে বিবাহ। সিটি কলেজের বেতন নিতান্তই অল্প হওয়ায় তাঁর পক্ষে সকল ব্যয় নির্বাহ করা সম্ভবপর ছিল না। মূলত এই কারনেই তিনি ১৮৯৫ সালে এলাহবাদের কায়স্থ পাঠশালা (ইন্টারমিডিয়েট কলেজ)অধ্যক্ষ পদ গ্রহণ করেন। এলাহবাদে শুরু হয় জীবনের দ্বিতীয় পর্যায়। এলাহবাদে বাস করার সময়েই রামানন্দ অন্তত তিনটি পত্রিকা সম্পাদনা শুরু করেন। ১৮৯৭ তে
"প্রদীপ", ১৯০১ এ "প্রবাসী" এবং ১৯০৭ সালে "মডার্ন রিভিউ"।

এলাহবাদে অধ্যাপক ও শিক্ষাবিদ হিসেবে তিনি প্রভূত খ্যাতি অর্জন করেন। পড়াতে রামানন্দের ভাল লাগতো। তাঁর শিক্ষক অধ্যক্ষ হেরম্বচন্দ্র মৈত্র বা তাঁর ছাত্র অধ্যক্ষ রজনীকান্ত গুহের মতো শিক্ষায়তনের চার দেওয়ালের মধ্যে তিনি জীবন কাটাতে পারতেন। কিন্তু প্রথাগত নিয়ন্তান্ত্রিক প্রতিষ্ঠানে 'চাকরি' করা বোধ হয় রামানন্দের পক্ষে সম্ভব ছিল না। এলাহবাদের কায়স্থ পাঠশালার কর্তৃপক্ষের সঙ্গে নীতি নির্ধারণে অধ্যক্ষের স্বাধীনতা নিয়ে বিরোধ বাধে। শেষ পর্যন্ত ১৯০৬ সালে অধ্যক্ষ পদত্যাগ করেন।

রামানন্দ বাবু সঞ্চয়ী ছিলেন না। সংসার পালন, আত্মীয় পোষণ, অতিথি সৎকার ও পুত্রকন্যাদের শিক্ষার পর যেটুকু অর্থ থাকতো, তার প্রায় সবটুকুই খরচ হতো পত্রিকার জন্য। তিনি স্থির করলেন পরের চাকরি আর করবেন না। সাংবাদিকতাই হল তাঁর জীবনের ব্রত ও জীবিকা। মডার্ন রিভিউ ইংরেজিতে প্রকাশের সংকল্প ত্যাগ করলেন না। ১৯০৮ সালে ব্রিটিশ

সরকার আদেশ দিলেন, হয় মডার্ন রিভিউ বন্ধ করতে হবে, নতুবা সম্পাদককে এলাহবাদ ছেড়ে যেতে হবে। রামানন্দ কলকাতায় ফিরলেন (এপ্রিল, ১৯০৮)। স্থির হল কাগজ কলকাতা থেকেই বেরোবে।

রামানন্দ চট্টোপাধ্যায় সাংবাদিকতার পেশাকে জীবন ব্রত হিসাবে নিয়েছিলেন। এর পেছনে ছিল তাঁর অকৃত্তিম দেশপ্রেম ও ইংরেজ বিদ্বেষ। যে কোন রাজ ঐশ্বর্যই তাঁর কাছে ছিল ব্রত বিরধি।এলাহবাদের পর তিনি নাগপুর কলেজ, কলকাতার রিপন কলেজ, লাহোরে দয়াল সিং কলেজ থেকে অধ্যক্ষ হওয়ার অনুরোধ পেয়েছিলেন। কিন্তু তিনি অটুট ছিলেন। 'প্রবাসী'কে রাজনৈতিক গন্ধ বর্জিত করার জন্য তিনি স্বাধীন ভাবেই থাকতে চেয়ে ছিলেন।

কলিকাতায় কর্নওয়ালিস স্ট্রিটের সাধারন ব্রক্ষসমাজের পাশের গলিতে শুরু হয় রামানন্দের জীবনের তৃতীয় পর্যায়। ১৩১৫ সনের বৈশাখের প্রবাসী ও ১৯০৮ এর মে মাসের মডার্ন রিভিউ কলকাতায় মুদ্রিত ও প্রকাশিত হয়। কলকাতায় ফিরে এসে তিনি নানা ভাবে ব্রাহ্মসমাজের সাথে জড়িয়ে পড়েন। ১৯০৯ থেকে ১৯২১ পর্যন্ত তিনি ব্রাহ্মসমাজের কার্যনির্বাহক সভার সদস্য ছিলেন। এবং সে সঙ্গে শিবনাথ শাস্ত্রী স্থাপিত ব্রাহ্ম মিশন প্রেসের দ্বায়িত্ব গ্রহণ করেন। তার সময়ে এই প্রেস থেকে প্রবাসী ও অন্যান্য বহু গ্রন্থ মুদ্রিত হয়েছে।

"উচ্চ আদর্শ, সরল জীবনযাপন" নীতিতে বিশ্বাসী রামানন্দ অন্যদিকে ছিলেন প্রখর জাতীয়তাবাদে উদ্দীপ্ত, তেজস্বী ও স্বাধীনচেতা। তাঁর দেশপ্রীতি ক্রমে ভারতপ্রীতিতে পরিনত হয়। এবং এই সময় তিনি নিয়মিত কংগ্রেসের অধিবেশন ও কার্যকলাপের প্রতি গভীর আগ্রহ দেখাতেন। সারা জীবন রামানন্দের স্বদেশপ্রীতি ও জাতীয়তাবোধ জাগরূক ছিল। যদিও শেষ পর্যায়ে তিনি নিজেকে কংগ্রেস আন্দোলন থেকে সরিয়ে নেন, তবুও মহাত্মা গান্ধীর সঙ্গে তাঁর বন্ধুত্ব ছিল আজীবন।

১৯২৮ সালের ২১শে ডিসেম্বর রামানন্দ, সান্ডারল্যান্ড এর 'ইন্ডিয়া ইন বন্ডেজ, হার রাইট টু ফ্রিডম' গ্রন্থটির ভারতীয় সংস্করণ প্রকাশ করেন। ১৯২৯ সালে ব্রিটিশ সরকার রাজদ্রোহ অপরাধে রামানন্দকে গ্রেপ্তার করে। এই ঘটনা তৎকালীন রাজনৈতিক মহলে প্রভূত আলোড়ন ওঠে এবং মহাত্মা গান্ধী তাঁর 'ইয়ং ইন্ডিয়া' পত্রিকায় এর বিরুদ্ধে কড়া সমালোচনা লেখেন।

তাঁর দৃপ্ত ভাষা ও লেখনী, তাঁর স্বাজাত্যবোধ, নির্ভীকতা ও সমাজ সংস্কারের সদিচ্ছা, তাঁর পরিচিতি ও সুহৃদজনের বৃত্ত অনেক বিস্তৃত করতে সাহায্য করে। রামানন্দের সঙ্গে সেই সময়ের বাংলার তথা ভারতের প্রায় সব স্বনামধন্য ব্যক্তিরই ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। রবীন্দ্রনাথের তাঁর যোগাযোগ ছিল পারিবারিক পর্যায়ে। ১৯১১ সাল থেকে ১৯১১৯ ও পরবর্তী কালে ১৯২৪, ১৯৩০, ১৯৩১ বিভিন্ন সময়ে তিনি রবীন্দ্রনাথের সান্নিধ্যে শান্তিনিকেতনে কাটান। ১৯২৫ সালের জুলাই মাসে অল্প সময়ের জন্য বিশ্ব ভারতী কলেজের অবৈতনিক অধ্যক্ষ পদও গ্রহণ করেন।

১৯১৯ সালের পর থেকে পারিবারিক নানা দুঃখজনক ঘটনায় তিনি শারীরিক ও মানসিক ভাবে দুর্বল হয়ে পড়েন। এই সময়ে তাঁর কার্যকলাপে পুত্র অশোক চট্টোপাধ্যায় ও প্রথম কন্যা শান্তা দেবী তাঁকে প্রভূত সাহায্য করেছেন। ১৯৪১ সালে ঘনিষ্ঠ সুহৃদ রবীন্দ্রনাথের প্রয়াণে তিনি বিশেষ ভাবে ভেঙ্গে পড়েন। এরপর কিছুদিন রোগভোগের পর আত্মীয়-পরিজন পরিবৃত এক শান্ত অথচ সচেতন সংগ্রামী রামানন্দ চট্টোপাধ্যায় তাঁর কনিষ্ঠা কন্যা সীতা দেবীর দরগা রোডের বাড়িতে ৭৯ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ৩০শে সেপ্টেম্বর, ১৯৪৩।

'প্রবাসী' সম্পর্কে লেখা কি ভাবে শুরু করা যায়? তা নিয়ে ভাবনা চিন্তাকরে কোনো দিশা না পাওয়া যাওয়ায় এই ভাবেই শুরু হল। প্রবাসীর প্রকৃত বৈশিষ্ট্য গুলি দিয়েই আলোচনা শুরু করা হল। প্রবাসী ছিল তৎকালীন প্রথম বাংলা মাসিক পত্রিকা যা

বাংলার বাইরে থেকে প্রকাশিত হত। এই ঘটনার পশ্চাতে ছিলেন এক জন দক্ষ ব্যক্তি যিনি রামানন্দ চট্টোপাধ্যায়, ইংরেজি সাহিত্যের ছাত্র, পেশায় অধ্যাপক। প্রবাসী বাঙ্গালীদের (এলাহবাদ) মধ্যে মাতৃভাষা ও শিক্ষা সংস্কৃতির প্রচার ও অনুশীলনের উদ্দেশ্যে স্বল্প পরিসরে সুলভে জ্ঞান বিতরনের জন্য এগিয়ে এলেন বিংশ শতাব্দীর শুরুতে। প্রবাসী ব্যতীত বাংলা ভাষায় সকল পত্রিকা সেই সময়ে কলকাতা থেকেই প্রকাশিত হত।

প্রবাসীর অন্য একটি বৈশিষ্ট্য ছিল এটির কৌলীন্য। তৎকালীন সময়ে এটি ছিল কুলীন পত্রিকা। সাহিত্যিক হয়ে ওঠার এটাই ছিল মাপকাঠি। প্রবাসীতে জায়গা পাওয়া মানেই জাতে ওঠা। কিন্তু পত্রিকার ঐতিহ্য এবং কৌলীন্য বজায় রাখার ব্যাপারে সম্পাদক ছিলেন কঠোর। বহু বিখ্যাত লেখা সম্পাদকের মনঃপূত হয়নি। সেগুলির মধ্যে বিভূতিভূষণের "পথের পাঁচালী", তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের "রসকলি" ইত্যাদি। তথাপি অধিকাংশ লেখকের কাছে এটি ছিল যোগ্যতম স্থান।

বাংলা ভাষায় সেই সময়ে বহু বিষয় মিশ্রিত পত্রিকার অভাব ছিল। প্রবাসী এই অভাব দূর করেছিল। সমগ্র প্রকাশ কালে এই পত্রিকায় প্রকাশিত হয়েছে বিভিন্ন সময়ের বিভিন্ন বিষয়াবলী যেমন, আইন-কানুন, শিল্পকলা, বাণিজ্য, বৈদেশিক সম্পর্ক, ইতিহাস, জীবনী, ভূগোল, সঙ্গীত, কবিতা, গল্প, উপন্যাস, নাটক, গ্রন্থাগার সংবাদ, চিত্রকলা, রাজনৈতিক আন্দোলন, বিদেশের কথা, বিজ্ঞান প্রসঙ্গ, সাংস্কৃতিক চর্চা, গ্রন্থ সংবাদ, রবীন্দ্র সংবাদ, ভ্রমণ বৃত্তান্ত, প্রত্নতত্ত্ব, সমাজতত্ত্ব, শিক্ষা, সভা-সমিতি, সাময়িক বিষয়, বিজ্ঞাপন, ইত্যাদি। পত্রিকায় প্রকাশিত হয়েছিল নিয়মিত বিভাগ যেমন- দেশ বিদেশের কথা, বিবিধ প্রসঙ্গ, পঞ্চশস্য, কষ্টি পাথর, পুস্তক পরিচয়, আলোচনা ইত্যাদি। সর্বসাকুল্যে প্রবাসী একটি বিবিধ বিষয়ক সাহিত্যপত্র। এছাড়াও উনবিংশ শতাব্দীতে আর্থ- সামাজিক ও রাজনৈতিক বিষয় সম্বলিত কোন পত্রিকাই ছিল না। যেগুলি ছিল সেগুলি ছিল ধর্ম মতাদর্শ পত্রিকা। সেদিক থেকে 'প্রবাসী' র প্রকাশ পত্রিকার প্রকাশনার ধারাকে নব খাতে প্রবাহিত করেছেন রামানন্দ। রবীন্দ্রনাথ এ প্রসঙ্গে বলেছিলেন- "প্রথম যখন রামানন্দ বাবু 'প্রদীপ' পরে 'প্রবাসী' বের করলেন তাঁর কৃতিত্ব ও সাহস দেখে মনে বিস্ময় লাগলো। আকারে বড়ো, ছবি অলংকৃত, রচনায় বিচিত্রে এমন দামী জিনিষ যে বাংলাদেশে চলতে পারে বিশ্বাস হয় নি।"

এছাড়াও প্রবাসীর যে বৈশিষ্ট্যগুলি পরিলক্ষিত হয়, তা নিম্নে উল্লেখ করা হলঃ-

১। মুদ্রণ পরিপাঠ্য।

২। সম্পাদকের ব্যক্তিত্ব, তাঁর সুমন, মনন ও মণীষা, তাঁর মুদ্রণ সম্পর্কিত কারিগরি জ্ঞান। বহু বিষয় লেখার ক্ষমতা।

৩। জনপ্রিয়তার কারণ- রামানন্দের ব্যক্তিগত জনপ্রিয়তা, আপনভোলা অধ্যাপক, সমাজ সংস্কারক, ধর্মনেতা, রাজনৈতিক কর্মী, শক্তিশালী প্রাবন্ধিক ও বিরাট সাংগঠনিক।

৪। রামানন্দের তীব্র খ্যাতি, প্রীতি, স্বধর্মানুরাগ ও স্বাধিকার চিন্তা, অসাম্প্রদায়িক, দলভুক্ত হলেও তিনি ছিলেন একাধারে ব্যক্তিত্ব।

৫। প্রবাসী পত্রিকা ছিল নব্য সাংবাদিক আদর্শের প্রতীক।

৬। অধ্যাপনা ছেড়ে রামানন্দ সংবাদপত্র ব্যবসায় নিজমনকে আত্মনিয়োগ করেছিলেন।

৭। প্রবাসী পত্রিকা হল বাংলার সর্ব প্রথম পূর্ণাঙ্গ সাময়িক পত্র।

৮। পত্রিকাটি সুচিপত্র বিন্যস্ত থাকত – লেখকগণ ও তাঁদের রচনাগুলি, বিষয়সূচী ও চিত্রসুচী এবং বিবিধ প্রসঙ্গ।

৯। প্রতি মাসের শেষ দিনে প্রকাশিত হত, লেখকদের সাম্মনিক দক্ষিনা দেওয়া হত।

১০। ১৯১৭ সান পর্যন্ত এলাহবাদের ইন্ডিয়ান প্রেসে মুদ্রিত হয়, পরে কলকাতার প্রথম কুন্তলীন প্রেস, মধ্যে ব্রাহ্ম মিশন প্রেস এবং শেষে ১৯২৯ সাল থেকে প্রবাসী পত্রিকার নিজস্ব প্রেসে মুদ্রিত হত।

১১। বিবিধ প্রসঙ্গ লিখতেন সম্পাদক রামানন্দ নিজে।

১২। সম্পাদকীয় সহযোগিতায় ছিলেন নবীন প্রবীণ ব্যক্তিত্বরা, এরা হলেন চারু চন্দ্র বন্দ্যোপাধ্যায়, ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, যোগেশ চন্দ্র বাগল, নীরদ চন্দ্র চৌধুরী, সুধীন কুমার চৌধুরী।

১৩। লেখক গোষ্ঠীতে ছিলেন যথাক্রমে, রামানন্দের দুই কন্যা শান্তা দেবী ও সীতা দেবী। দীলশা এন্দুলার্ড, ওয়াচা, আনন্দকুমার স্বামি, লালা লাজপত রায়, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, যদুনাথ সরকার, হেরম্বচন্দ্র মৈত্র, রবীন্দ্রনাথ ঠাকুর, জওহরলাল নেহেরু, জগদীশচন্দ্র বসু, রজনীকান্ত গুপ্ত, সুরেন্দ্রনাথ সেন, মহাত্মা গান্ধী, বামনদাস বসু, সি এইচ চিন্তামনি, প্রমুখেরা।

১৪। পত্রিকাটি নানা বিভাগে নানান আলোচনায় সমৃদ্ধ ছিল। এই বিভাগগুলি ছিল সঙ্কলন ও সমালোচনা, কষ্টিপাথর, আলোচনা, বিবিধ প্রসঙ্গ, পুস্তক পরিচয়, সংক্ষিপ্ত গ্রন্থ, সমালোচনা, পঞ্চশস্য ইত্যাদি।

১৫। প্রথম বিশ্বযুদ্ধের পর শুরু হয়েছিল পারাপারের ঢেউ, মহিলা মজলিশ, ছেলেদের পাততাড়ি, প্রশ্নোত্তর মালা, বেতালের বৈঠক বিভাগগুলি।

উইকিপিডিয়া তে প্রবাসী সম্পর্কে খুব অল্প বিস্তর লেখা আছে। লেখাটি এখানে উল্লেখ করা হল- “**প্রবাসী** বিংশ শতাব্দীর সূচনালগ্নে ব্রিটিশ ভারতবর্ষে প্রবর্তিত একটি সাহিত্য সাময়িকী। এই মাসিক পত্রিকাটি বাংলা ভাষায় প্রকাশিত হতো। এটির সম্পাদক ছিলেন রামানন্দ চট্টোপাধ্যায় এবং কার্য্যাধ্যক্ষ ছিলে আশুতোষ চক্রবর্তী। ১৩০৮ বঙ্গাব্দের বৈশাখ মাসে (এপ্রিল ১৯০১) এর সূচনা সংখ্যা প্রকাশিত হয়েছিল। এ সংখ্যাটি এলাহাবাদের ইন্ডিয়ান প্রেস থেকে মুদ্রিত হয়েছিল। বার্ষিক মূল্য আড়াই টাকা। ছবি, অলংকরণ প্রভৃতিতে পত্রিকাটি ছিল আকর্ষণীয়। অচিরেই পত্রিকাটি জনপ্রিয়তা অর্জ্জন করে।

প্রথম সংখ্যার পৃষ্ঠা সংখ্যা ছিল ৪০। প্রথম সংখ্যায় রবীন্দ্রনাথ ঠাকুর সহ যাদের লেখা ছাপা হয়েছিল তারা হলেন রামানন্দ চট্টোপাধ্যায়, কমলাকান্ত শর্ম্মা, দেবেন্দ্রনাথ সেন, নিত্যগোপাল মুখোপাধ্যায়, এবং যোগেশচন্দ্র রায়। এতে অজন্তা গুহার ফটো, জীববিজ্ঞানের ওপর নিবন্ধ এবং বিবিধ প্রসঙ্গ মুদ্রিত হয়েছিল। রচনার শেষে লেখকের নাম মুদ্রিত হয়েছিল। ১৯০১ খ্রিস্টাব্দ থেকে শুরু করে *প্রবাসী* প্রায় ৫০ বৎসর প্রকাশিত হয়েছিল। এর বেশীরভাগ সময় সম্পাদক ছিলেন রামানন্দ চট্টোপাধ্যায়। তিনি নারী-পুরুষের সমানিধকারে বিশ্বাস করতেন এবং নারী-প্রগতি বিষয়ক লেখা ছাপতেন। অধিকন্তু তিনি নারীদের লেখায় উৎসাহিত করতেন। তাঁর মৃত্যুর পর *প্রবাসী* টিঁকিয়ে রাখা সম্ভব হয় নি।

প্রবাসী পত্রিকা বাংলার লোকসঙ্গীত সংগ্রহে বিশেষ ভূমিকা রেখেছিল। কবি রবীন্দ্রনাথ ঠাকুরের অনুপ্রাণনায় ১৩২২ বঙ্গাব্দের বৈশাখ সংখ্যা থেকে এতে 'হারামণি' বিভাগ প্রবর্তিত হয়েছিল এতে সারা বাংলার বিভিন্ন স্থান থেকে সংগৃহীত লোকসঙ্গীত সংকলিত হতো। হারামণি'র প্রথম ভাগে গগন হরকরার ‘আমি কোথায় পাব তারে, আমার মনের মানুষ যে রে’ এই গানটি মুদ্রিত হয়েছিল”।

রামানন্দ -প্রবাসী –রবীন্দ্রনাথ পরস্পর গভির সুরে গ্রথিত। রবীন্দ্রনাথ যেমন নিত্য নতুন লেখায় প্রবাসীর ভান্ডার সমৃদ্ধ করেছেন, তেমনি এরকম একটি পত্রিকা পেয়েছিলেন বলেই রবীন্দ্রনাথ বহু বিচিত্র সাহিত্য কর্মে একটা জোয়ার এসে ছিল। দীর্ঘ সময় বাঙ্গালী পাঠকের মানসিক অন্ন পানীয় যোগানের দায়িত্ব নিয়েছিল প্রবাসী। সমকালীন নবীন লেখকেরা প্রবাসী পত্রিকা পেয়ে তাতে বহু বিচিত্র পরীক্ষা নিরীক্ষায় সামিল হয়েছিলেন, তাঁর নেপথ্যে যে সম্পাদক রামানন্দের অগাধ প্রশ্রয় ও অকুণ্ঠ সমর্থন ছিল তাতে সন্দেহ নেই। তবে কিছু ক্ষেত্রে নীতি ভিত্তিক পছন্দ ও অপছন্দ যে তাঁর ছিল না তা নয়, দীর্ঘ ৪০ বছরের সম্পাদক জীবনে তিনি কখনও শরৎচন্দের প্রতি আগ্রহ দেখান নি। এতে বোঝা যায় যে, নিছক জনপ্রিয়তাই তাঁর পছন্দ –অপছন্দের মাপকাঠি ছিল না।

প্রবাসী পত্রিকার অন্যতম উল্লেখযোগ্য বিভাগ হল "বিবিধ প্রসঙ্গ"। এই স্থানে এই বিভাগ সম্পর্কে কিছু প্রসঙ্গের অবতারণা করা হল।

প্রবাসী পত্রিকা প্রথম থেকেই এত বিশাল কলেবর নিয়ে প্রকাশিত হয় নি। বরং বিভিন্ন সময়ে নানা প্রসঙ্গের সুত্রপাত হয়েছে। যথা,

- ১৩০৮ এর মাঘ মাস থেকে "বৈজ্ঞানিক প্রসঙ্গ" বিভাগ শুরু হয়।
- ১৩০৯ থেকে 'চিত্র পরিচয়' এবং 'সংক্ষিপ্ত গ্রন্থ পরিচয়' নামক দুটি শিরোনামের সূচনা হয়েছে।
- ১৩১৩ এর ভাদ্র মাসে "স্বদেসি প্রসঙ্গ' এর উল্লেখ আছে। যা 'বিবিধ প্রসঙ্গের' একটি অঙ্গ হিসাবে পরিলক্ষিত।
- ১৩১৬ এর শ্রাবণ সংখ্যা থেকে শুরু হয় ' স্বরলিপি' নামক বিভাগ।
- ১৩১৬ এর ভাদ্র সংখ্যা থেকে শুরু হয় 'আলোচনা' নামক শিরোনাম।
- ১৩১৮ এর বৈশাখ সংখ্যা থেকে শুরু হয় 'কষ্টিপাথর'
- ১৩১৮ এর জ্যৈষ্ঠ সংখ্যা থেকে 'সংক্ষিপ্ত গ্রন্থ পরিচয়' নামের পরিবর্তে 'পুস্তক পরিচয়' নামে প্রকাশিত হয়েছে।
- ১৩২০ এর বৈশাখ থেকে শুরু হয় 'পঞ্চশস্য'
- ১৩২১ এর জ্যৈষ্ঠ থেকে শুরু হয়েছে 'দেশের কথা'
- ১৩২৭ এর বৈশাখ থেকে শুরু হয় 'বেতালের বৈঠক'
- ১৩২৮ এর বৈশাখ সংখ্যা থেকে শুরু হয় কিশোরদের জন্য 'ছেলেদের পাততাড়ি' ও মহিলাদের জন্য 'মহিলা মজলিশ নামক বিভাগ।
- ১৩২৮ এর জ্যৈষ্ঠ থেকে শুরু হয় 'পারাপারের ঢেউ' নামক বিভাগ।

প্রবাসী পত্রিকার প্রকাশনা সম্পর্কে কয়েকটি তথ্য

- ১৩০৮ বৈশাখ মাস প্রথম বর্ষ প্রথম সংখ্যা। অসাধারণ মলাট। চল্লিশ পাতার পত্রিকা, ষোলোটি ছবি। এই সংখ্যা পুনর্মুদ্রিত হয়েছিল।
- বৈশাখ ১৩০৮ থেকে কার্ত্তিক ১৩০৯ পর্যন্ত প্রবাসী ছাপা হয়েছিল এলাহবাদের ইন্ডিয়ান প্রেসে।
- অগ্রহায়ণ ১৩০৯ থেকে কলকাতার কুন্তলীন প্রেসে প্রবাসী ছাপা হয়।
- ১৯০৮ এর মে মাস থেকে প্রবাসী হল কলকাতার কাগজ।
- কুন্তলীন প্রেসেওর পর প্রবাসী ছাপা হত সাধারন ব্রাহ্মসমাহের ব্রাহ্ম মিশন প্রেসে।
- এই পত্রিকার ব্লক তৈরি হত উপেন্দ্র কিশোর রায় চৌধুরীর "ইউ রায় এন্ড সন্স" থেকে।
- ১৯২৩ এ "প্রবাসী" নিজস্ব প্রেস প্রবাসী থেকে ছাপা হত।

৪.৩ গ্রন্থপঞ্জী

১. ভৌমিক, তাপস। (২০১৫)। সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায় ও প্রবাসী পত্রিকা। কলিকাতাঃ কোরক।

২. লাহা, প্রবীরকুমার। (২০০৬)। ভারতের স্বাধীনতা সংগ্রাম ও 'প্রবাসী' পত্রিকা (১৯৩০-১৯৪২ খ্রিষ্টাব্দ/ ১৩৩৭-১৩৪৯ বঙ্গাব্দ)। কলিকাতাঃ একুশ শতক

৫. তথ্য সংগ্রহ

এই গবেষণার একমাত্র তথ্য উৎস প্রবাসী' পত্রিকা। এই পত্রিকার সকল প্রবন্ধই হল গবেষণার মুখ্য উপাত্ত। প্রতিটা প্রবন্ধ শনাক্তকরণ ও তার লিপিকরন হল তথ্য সংগ্রহের মূল কর্মধাপ। প্রদেয় অধ্যায়ে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ দেওয়া হল।

৫.১ কালানুক্রমিক শিরোনাম ভিত্তিক বিষয় তালিকা

প্রদেয় তালিকাতে কালানুক্রমিক বিন্যাস দেওয়া হয়েছে। এক্ষেত্রে শিরোনামগুলি বর্ণানুক্রমিক ভাবে রাখা হয়েছে। বিষয় কলামটিতে সাধারণ বা প্রাথমিক ধারনা বা বিষয়ের উল্লেখ করা হয়েছে এবং মূল বিষয় কলামটিতে প্রাথমিক ধারনা বা বিষয়ের সাথে গবেষণায় উল্লেখিত বিষয়ের কোনটির অন্তর্ভুক্ত তা উল্লেখ করা হয়েছে।

ভাগ - খন্ড - সংখ্যা	শিরোনাম	লেখক	বর্ষ	পৃষ্ঠা	বিষয়	মূল বিষয়
১ম ভাগ ১ম সংখ্যা	অজন্টা গুহা চিত্রাবলী		১৩০৮	৮-০২২	ভাস্কর্য	শিল্পকলা
১ম ভাগ ৩য় সংখ্যা	অধ্যাপক বসুর নবাঙ্কিকার		১৩০৮	১২৫-১২৬	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান
১ম ভাগ ৫ম সংখ্যা	আন্দামানী		১৩০৮	১৮৯-১৯৪	ভূগোল	ভুগোল
১ম ভাগ ৪র্থ সংখ্যা	আমাদের ধনবৃদ্ধি		১৩০৮	১৩৯-১৪২	অর্থনীতি	অর্থ নীতি
১ম ভাগ ১০ম সংখ্যা	উত্তর পশ্চিম প্রদেশ, অয্যোধ্যা ও পঞ্জাবে বাঙ্গালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	৩৭৮-৩৮১	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	উত্তর পশ্চিম প্রদেশ, অয্যোধ্যা ও পঞ্জাবে বাঙ্গালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	৪৪৩-৪৫৪	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	উত্তর পশ্চিম প্রদেশ, অয্যোধ্যা ও পঞ্জাবে বাঙ্গালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	৩৫৮-৩৬০	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৩য় সংখ্যা	উত্তর পশ্চিমে বঙ্গ সাহিত্য	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	১১৪-১১৬	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৩য় সংখ্যা	উপকথাতত্ত্ব	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৮	৯৫-১০৩	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ১০ম সংখ্যা	ঐতিহাসিক যৎকিঞ্চিত	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৮	৩৬১-৩৬৫	বিনোদন	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	ঐতিহাসিক যৎকিঞ্চিত		১৩০৮	৪২১-৪২৭	বিনোদন	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	ঐতিহাসিক যৎকিঞ্চিত	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৮	৩৩৬-৩৪০	বিনোদন	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৩য় সংখ্যা	কাশ্মীর দর্শন	নগেন্দ্রনাথ গুপ্ত	১৩০৮	১০৩-১০৭	ভূগোল	ভুগোল
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	কোচিন ও ত্রিবাঙ্কোর	সচীশচন্দ্র মৌলিক	১৩০৮	২০৯-২১৬	ভূগোল	ভুগোল
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	কুমীরা পোকা	যদু নাথ চক্রবর্তী	১৩০৮	২৬০-২৬৩	পতঙ্গ	প্রাণী বিজ্ঞান
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	খিচুড়ি	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৮	৩৪২-৩৪৬	হাস্যরসাত্মক সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	গিলগিট ও গিলগিটী	সতীশ চন্দ্র হালদার	১৩০৮	৩১৫-৩২১	ভূগোল	ভুগোল
১ম ভাগ ২য় সংখ্যা	গ্রন্থকারমাহাত্ম্য		১৩০৮	৮০-৮১	গ্রন্থাগার	সাধারণী
১ম ভাগ ৫ম সংখ্যা	গ্রহ কঙ্কর	অপূর্ব চন্দ্র দত্ত	১৩০৮	১৬৫-১৭০	গ্রহ	মহাকাশ বিজ্ঞান
১ম ভাগ ৪র্থ সংখ্যা	গৃহ	অবিনাশ চন্দ্র দাস	১৩০৮	১৫৩-১৫৮	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১০ম সংখ্যা	চিন হিল	নারায়ণ চন্দ্র দাস	১৩০৮	৩৭১-৩৭৮	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৫ম সংখ্যা	জাতীয় ভাষার উন্নতি		১৩০৮	১৯৯-২০১	ভাষা	ভাষা
১ম ভাগ ৪র্থ সংখ্যা	জাহাঙ্গীরের সময় আগরা	হরিসাধন মুখোপাধ্যায়	১৩০৮	১৫১-১৫৩	ইতিহাস মোগল	ইতিহাস
১ম ভাগ ১ম সংখ্যা	জীব বিদ্যা	যোগেশ চন্দ্র রায়	১৩০৮	২৪-২৮	জীব বিদ্যা	জীব বিজ্ঞান
১ম ভাগ ৪র্থ সংখ্যা	জলাতঙ্ক	সুবলচন্দ্র মহলানবিস	১৩০৮	১৪২-১৪৬	রোগ	চিকিৎসা
১ম ভাগ ১০ম সংখ্যা	টাকার দাম	জ্ঞানশরন কাব্যানন্দ	১৩০৮	৩৯২-৩৯৭	দাম	অর্থ নীতি
১ম ভাগ ৫ম সংখ্যা	তেলেগুদেশে	যোগেশ চন্দ্র রায়	১৩০৮	১৮১-১৮৯	ভ্রমণ	ভ্রমণ
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	নীলগিরির টোডা জাতি	সতীশচন্দ্র মৌলিক	১৩০৮	৩৩৩-৩৩৬	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৭ম সংখ্যা	নূতন যুগের নূতন প্রশ্ন		১৩০৮	২৪০-২৪৫	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	পূজা	রসিকচন্দ্র বসু	১৩০৮	৪২৯-৪৩৫	লোকাচার	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	প্রাচীন বঙ্গ সাহিত্যে ধ্বন্যাত্মক কবিতা	দীনেশ চন্দ্র সেন	১৩০৮	২৩২-২৩৪	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	প্রাচীন মানব	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৮	২৪৫-২৫৩	পুরাতত্ত্ব	ইতিহাস
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	প্রাণী ও উদ্ভিদ	জগদানন্দ রায়	১৩০৮	৪০৫-৪০৭	জীব বিদ্যা	জীব বিজ্ঞান
২য় ভাগ ৭ম সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	২৩৪-২৩৬	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৩য় সংখ্যা	প্রয়াগে কমলাকান্ত		১৩০৮	১১৬-১১৮	ভূগোল	ভুগোল
১ম ভাগ ১ম সংখ্যা	প্রয়াগধামে কমলাকান্ত	কমলাকান্ত শর্মা	১৩০৮	৪-০০০৫	ভূগোল	ভুগোল
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	ফতেপুর সিক্রি		১৩০৮	৪১৩-৪২১	ইতিহাস মোগল	ইতিহাস
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	বঙ্গ ভাষা ও বাংলা অভিধান	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	২৫৬-২৬০	ভাষা	ভাষা
১ম ভাগ ৫ম সংখ্যা	বঙ্গ সাহিত্যের দ্বিতীয় যুগ	ধর্মানন্দ মহাভারতী	১৩০৮	১৭০-১৭৪	সাহিত্য	সাহিত্য

১ম ভাগ ১০ম সংখ্যা	বঙ্গের বাহিরে বঙ্গ সাহিত্য	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	৩৮৩-৩৮৫	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৪র্থ সংখ্যা	বঙ্গের বাহিরে বঙ্গ সাহিত্য	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	১৬৩-১৬৪	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৫ম সংখ্যা	বঙ্গের বাহিরে বঙ্গ সাহিত্য		১৩০৮	২০২-২০৫	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	বঙ্গের বাহিরে বঙ্গ সাহিত্য	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৮	২৪২-২৪৫	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	বঙ্গভাষা ও সাহিত্য		১৩০৮	৩৫৭-৩৫৮	ভাষা	ভাষা
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	বাঙ্গালী জাতি ও ইংরেজ গভর্নমেন্ট	পরেশ নাথ বন্দ্যোপাধ্যায়	১৩০৮	২৬৮-২৭২	পররাষ্ট্রনীতি	রাষ্ট্রবিজ্ঞান
১ম ভাগ ২য় সংখ্যা	বাঙালী	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৮	৫০-৫৪	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	বাদশাহী আখ্যানমালা		১৩০৮	২৫৩-২৫৫	ইতিহাস মোগল	ইতিহাস
২য় ভাগ ৭ম সংখ্যা	বাদশাহের বিবাহ		১৩০৮	২৫৭-২৬১	ইতিহাস মধ্যযুগ	ইতিহাস
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	বিহু	অন্নদাপ্রসাদ চট্টোপাধ্যায়	১৩০৮	২৬৩-২৬৫	বিনোদন	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	বিহারে বাঙ্গালী	সত্যসুন্দর বসু	১৩০৮	৪৫৪-৪৬৬	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৭ম সংখ্যা	বৈশ্য বর্ণ	অবিনাশ চন্দ্র দাস	১৩০৮	২৩৬-২৩৯	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ১০ম সংখ্যা	বরুণাবিষ্কার	অপূর্ব চন্দ্র দত্ত	১৩০৮	৩৬৫-৩৭১	আবিষ্কার	প্রযুক্তি
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	ব্রহ্মদেশে বাঙ্গালী	গিরীন্দ্রনাথ সরকার	১৩০৮	৩৪৬-৩৫০	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৪র্থ সংখ্যা	ভারত বর্ষের শিল্প		১৩০৮	১৩২-১৩৯	শিল্পকলা	শিল্পকলা
২য় ভাগ ৭ম সংখ্যা	ভারতে বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাবকর্তা	বামনদাস বসু	১৩০৮	২৩১-২৩৪	উচ্চ শিক্ষা	শিক্ষা
১ম ভাগ ৫ম সংখ্যা	ভারতবর্ষীয় লবন	গিরিজা কুমার ঘোষ	১৩০৮	১৯৪-১৯৯	উৎপাদন লবন	উৎপাদন
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	ভাষার উৎপত্তি	ধর্মানন্দ মহাভারতী	১৩০৮	৩৪০-৩৪২	ভাষা	ভাষা
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	ভীমভৈ বা নূতন অলেখ ধর্ম	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৮	২৮১-২৮৩	ধর্মমত	ধর্ম
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	মৃচ্ছকটিকের প্রাচীনতা	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৮	৪২৭-৪২৮	বিনোদন	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	মেয়েলি সাহিত্য ও বারব্রত	অঘোর নাথ চট্টোপাধ্যায়	১৩০৮	২২৫-২২৭	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	মেয়েলি সাহিত্য ও বারব্রত	অঘোর নাথ চট্টোপাধ্যায়	১৩০৮	২৯৫-২৯৭	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	মৎস্য পুরাণ	রজনীকান্ত চক্রবর্তী	১৩০৮	২৬৫-২৬৮	পুরাণ	ধর্ম
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	মুদ্রণ স্বত্ত্ব	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৮	৩০২-৩০৪	মুদ্রণ	সাধারণী
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	রাধাভাব	দীনেশ চন্দ্র সেন	১৩০৮	৮০৭-৪১০	বৈষ্ণব ধর্ম	ধর্ম
১ম ভাগ ৩য় সংখ্যা	রাম মোহনের রায়ের রাজনীতি		১৩০৮	১০৮-১১১	রাজনীতি	রাষ্ট্রবিজ্ঞান
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	রামচন্দ্রের বিরহ	দীনেশ চন্দ্র সেন	১৩০৮	২৯১-২৯৫	মহাকাব্য	সাহিত্য
২য় ভাগ ৭ম সংখ্যা	রসাতলাগ্নি		১৩০৮	২৬১-২৬৩	সাহিত্য প্রাচীন	সাহিত্য
১ম ভাগ ২য় সংখ্যা	শিক্ষার উন্নতি ও তন্নিমিত্ত দান		১৩০৮	৭৩-৮০	শিক্ষা	শিক্ষা
১ম ভাগ ১ম সংখ্যা	শর্করা বিজ্ঞান		১৩০৮	৩৩-৩৭	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
১ম ভাগ ২য় সংখ্যা	শর্করা বিজ্ঞান		১৩০৮	৫৪-৬০	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
১ম ভাগ ৩য় সংখ্যা	শর্করা বিজ্ঞান		১৩০৮	১২২-১২৫	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
১ম ভাগ ৪র্থ সংখ্যা	শর্করা বিজ্ঞান		১৩০৮	১৪৬-১৫১	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	শর্করা বিজ্ঞান	নিত্যগোপাল মুখোপাধ্যায়	১৩০৮	২১৬-২২০	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
২য় ভাগ ৭ম সংখ্যা	সাহিত্য প্রসঙ্গ	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৮	২৫১-২৫৩	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ১১শ ও ১২শ সংখ্যা	সাহিত্যসেবা	সত্যানন্দ দাস	১৩০৮	৪১০-৪১৩	সাহিত্য	সাহিত্য
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	স্বদেশ প্রেম ও স্বদেশ সেবা		১৩০৮	২৭৮-২৮১	জাতীয়তাবাদ	ইতিহাস
১ম ভাগ ২য় সংখ্যা	হিন্দু, গ্রীক ও রোমান	রজনীকান্ত গুহ	১৩০৮	৬০-৬৮	জাতি	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৩য় সংখ্যা	হিন্দি পরিভাষা	অপূর্ব চন্দ্র দত্ত	১৩০৮	১১২-১১৪	ভাষা	ভাষা
১ম ভাগ ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা	হীবরের রোজনামচা		১৩০৮	২২৭-২৩২	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
১ম ভাগ ৮ম ও ৯ম সংখ্যা	হীবরের রোজনামচা		১৩০৮	৩১৩-৩১৫	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	অধ্যাপক বসুর কয়েকটি আবিষ্কার	জগদানন্দ রায়	১৩০৯	৩৩৩-৩৪০	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
২য় ভাগ ৮ম সংখ্যা	আহেরিয়া	বীরেশ্বর গোস্বামী	১৩০৯	২৭৭-২৮১	ধর্ম	ধর্ম
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	আহমদাবাদে জাতীয় উৎসব		১৩০৯	৩৪৪-৩৫০	বস্ত্র শিল্প	শিল্প
২য় ভাগ ৮ম সংখ্যা	ইংরাজি ভাষায় বাঙালী লেখক	বামনদাস বসু	১৩০৯	২৭১-২৭৭	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ৯ম সংখ্যা	ইংরাজি ভাষায় বাঙালী লেখক	বামনদাস বসু	১৩০৯	৩২৩-৩২৮	গ্রন্থাগার	সাধারণী
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	একখানা প্রাচীন দলিল	পরেশ নাথ বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৩৪০-৩৪১	সামাজিক অবস্থা	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৮ম সংখ্যা	এডিনবরা বিশ্ববিদ্যালয় সন্দেশ	সুবোধ চন্দ্র মহলানবিস	১৩০৯	২৮১-২৮৮	উচ্চ শিক্ষা	শিক্ষা
২য় ভাগ ৯ম সংখ্যা	এদেশে চন্দ্র সূর্য গ্রহণ জ্ঞান		১৩০৯	৩০৫-৩০৭	চন্দ্র	মহাকাশ বিজ্ঞান
২য় ভাগ ২য় সংখ্যা	ঐতিহাসিক যৎকিঞ্চিত	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৯	৬৫-৭২	বিনোদন	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৩য় সংখ্যা	ঐতিহাসিক যৎকিঞ্চিত	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৯	৮১-৮৭	বিনোদন	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৮ম সংখ্যা	কুকী-পুঞ্জী		১৩০৯	২৬৫-২৭১	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	কাচপোকা	যদুনাথ চক্রবর্তী	১৩০৯	৩৮৭-৩৯২	পতঙ্গ	প্রাণী বিজ্ঞান
২য় ভাগ ১২শ সংখ্যা	কাব্যযুগ	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৯	৩৯৭-৩৯৯	মহাকাব্য	সাহিত্য
২য় ভাগ ২য় সংখ্যা	কোলারের স্বর্ণখনি	অবিনাশ চন্দ্র দাস	১৩০৯	৪৩-৫০	ইতিহাস	ইতিহাস
২য় ভাগ ৫ম সংখ্যা	কোষকীট	প্রমদাগোবিন্দ চৌধুরী	১৩০৯	১৭২-১৭৬	পতঙ্গ	প্রাণী বিজ্ঞান
২য় ভাগ ১২শ সংখ্যা	কোষকীটের ব্যাধি ও বিপদ	প্রমদাগোবিন্দ চৌধুরী	১৩০৯	৪১৬-৪১৯	পতঙ্গ	প্রাণী বিজ্ঞান
২য় ভাগ ৫ম সংখ্যা	কপিলাবস্তু		১৩০৯	১৮২-১৮৭	ইতিহাস	ইতিহাস
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	কুমারিকা অন্তরীপে	ধর্মানন্দ মহাভারতী	১৩০৯	৩৯৪-৩৯৬	ভ্রমণ	ভ্রমণ
২য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	কলিকাতা পুরাদ্রব্যালয়		১৩০৯	২২৩-২২৫	জাদুঘর	সাধারণী
২য় ভাগ ১ম সংখ্যা	কৃষি ও অন্যান্য বৃত্তি শিক্ষা	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	৬-০১৫	শিক্ষা	শিক্ষা
২য় ভাগ ১২শ সংখ্যা	খাসিয়া জাতি	নীলমণি চক্রবর্তী	১৩০৯	৩৯৯-৪০৫	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৯ম সংখ্যা	খাসিয়া জাতি	নীলমণি চক্রবর্তী	১৩০৯	৩০৭-৩১১	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৩য় সংখ্যা	গিলগিট ও গিলগিটী	সতীশ চন্দ্র হালদার	১৩০৯	৮৭-৯০	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১২শ সংখ্যা	গিলগিটের পুরাতন রাজ্য শাসন প্রথা	সতীশ চন্দ্র হালদার	১৩০৯	৪১৩-৪১৬	প্রশাসন	প্রশাসন

২য় ভাগ ৫ম সংখ্যা	গিলগিটের পুরাতন রাজ্য শাসন প্রথা		১৩০৯	১৭৭-১৮০	প্রশাসন	প্রশাসন
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	দিল্লিদরবার	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৯	৩৬৪-৩৬৭	ভ্রমণ	ভ্রমণ
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	দিল্লী দরবার	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৩৫৬-৩৬৪	ভ্রমণ	ভ্রমণ
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	দিল্লীতে মাস		১৩০৯	৩৭৩-৩৭৮	সভা সমিতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ২য় সংখ্যা	ধূমকেতু বার্তাবহ	অপূর্ব চন্দ্র দত্ত	১৩০৯	৫৮-৬১	ধূমকেতু	মহাকাশ বিজ্ঞান
২য় ভাগ ৪র্থ সংখ্যা	ধর্মের রূপ ও স্বরূপ		১৩০৯	১৩৭-১৪২	ধর্ম	ধর্ম
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	নাটকের উৎপত্তি	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৯	৩৪২-৩৪৪	বিনোদন	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১ম সংখ্যা	নৈসর্গিক ধর্ম		১৩০৯	০০০১-৬	দর্শন	দর্শন
২য় ভাগ ৯ম সংখ্যা	নবরত্ন ও কালিদাস		১৩০৯	৩০২-৩০৫	ইতিহাস প্রাচীন ভারত	ইতিহাস
২য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	পাটলিপুত্র		১৩০৯	২২৫-২৩০	ইতিহাস মৌর্য	ইতিহাস
২য় ভাগ ৩য় সংখ্যা	পান্ডুয়া ভ্রমণ	রজনী কান্ত চক্রবর্তী	১৩০৯	১১২-১১৬	ভ্রমণ	ভ্রমণ
২য় ভাগ ১২শ সংখ্যা	পাশ্চাত্য দেশে সংস্কৃত চর্চা	বামনদাস বসু	১৩০৯	৪০৫-৪১২	শিক্ষা	শিক্ষা
২য় ভাগ ৪র্থ সংখ্যা	পচমূঢ়ি শৈল	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	১২২-১৩২	ভূগোল	ভূগোল
২য় ভাগ ২য় সংখ্যা	পঞ্জাবে বাঙালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	৬১-৬৫	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৩য় সংখ্যা	পঞ্জাবে বাঙালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	৯০-৯ ৭	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৪র্থ সংখ্যা	পঞ্জাবে বাঙালী	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	১৪৭-১৪৯	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৯ম সংখ্যা	প্রাকৃত ভাষা	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৯	৩১১-৩১৪	ভাষা	ভাষা
২য় ভাগ ১২শ সংখ্যা	প্রাচীন কালের জন্তু	উপেন্দ্র কিশোর রায় চৌধুরী	১৩০৯	৪২৩-৪২৫	জীবজন্তু	প্রাণী বিজ্ঞান
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	পুরাতত্ত্বের কয়েকটি কণা	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৩৯২-৩৯৪	পুরাতত্ব	ইতিহাস
২য় ভাগ ১২শ সংখ্যা	পুরাতত্ত্বের কয়েকটি কণা	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৪২৫-৪২৭	পুরাতত্ব	ইতিহাস
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জীতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৩৫০-৩৫২	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ১২শ সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জীতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৪২৭-৪২৮	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	২১৮-২২২	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ৮ম সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩০৯	২৯৩-২৯৪	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ৯ম সংখ্যা	প্রবাসে বঙ্গ সাহিত্য চর্চা	জীতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	১৩০৯	৩১৯-৩২৩	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ৪র্থ সংখ্যা	বিক্রমাদিত্য ও নবরত্ন	বিজয় চন্দ্র মজুমদার	১৩০৯	১৫৮-১৬১	ইতিহাস মৌর্য	ইতিহাস
২য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	বিদ্যুতের উৎপত্তি	জগদানন্দ রায়	১৩০৯	২১০-২১৫	তড়িৎ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান
২য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	বিবাহের ফলাফল	ধর্মানন্দ মহাভারতী	১৩০৯	২১৫-২১৮	বিবাহ	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৪র্থ সংখ্যা	বৈশ্য বর্ণ	অবিনাশ চন্দ্র দাস	১৩০৯	১৪২-১৪৭	ইতিহাস	ইতিহাস
২য় ভাগ ৩য় সংখ্যা	বৌদ্ধদিগের আমেরিকাবিষ্কার	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	১০৭-১০৯	আবিষ্কার	প্রযুক্তি
২য় ভাগ ৫ম সংখ্যা	ব্রহ্মদেশে বাঙালী		১৩০৯	১৮৮-১৯৫	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১ম সংখ্যা	ভারত শিল্প সম্ভার	অক্ষয় কুমার মৈত্রেয়	১৩০৯	১৭-২০	শিল্প	শিল্প
২য় ভাগ ৫ম সংখ্যা	ভারতে প্রাচ্য প্রাচীত্যের সংমিশ্রণ		১৩০৯	১৬৩-১৬৮	সাহিত্য	সাহিত্য
২য় ভাগ ২য় সংখ্যা	মুক্তা		১৩০৯	৫০-৫৫	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান
২য় ভাগ ১ম সংখ্যা	মাতৃভূমির পূজা	যোগীন্দ্র নাথ বসু	১৩০৯	২৪-২৬	জাতীয়তাবাদ	ইতিহাস
২য় ভাগ ৫ম সংখ্যা	লাঠির কথা	সুধীন্দ্রনাথ ঠাকুর	১৩০৯	১৬৮-১৭২	জীবনী	জীবনী
২য় ভাগ ১ম সংখ্যা	ল্যান্ডোরার জাল রাজা	সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০৯	২৬-৩০	ইতিহাস	ইতিহাস
২য় ভাগ ১ম সংখ্যা	শত্রুঞ্জয় পর্বত	বামনদাস বসু	১৩০৯	১৫-১৬	জৈন ধর্ম	ধর্ম
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	সামাজিক শক্তির ঘাত প্রতিঘাত		১৩০৯	৮৩১-৩৮৪	রাজনীতি	রাষ্ট্রবিজ্ঞান
২য় ভাগ ৯ম সংখ্যা	সামাজিক শক্তির ঘাত প্রতিঘাত		১৩০৯	২৯৭-৩০২	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৪র্থ সংখ্যা	সিন্ধুদেশ	বামনদাস বসু	১৩০৯	১৩২-১৩৭	ইতিহাস প্রাচীন ভারত	ইতিহাস
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	সেকাল ও একালের যাত্রা	অমৃত লাল গুপ্ত	১৩০৯	৩৫২-৩৫৫	বিনোদন	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ১০ম ও ১১শ সংখ্যা	সূফী সম্প্রদায়		১৩০৯	৩৬৭-৩৭০	জাতি	সমাজ বিজ্ঞান
২য় ভাগ ৪র্থ সংখ্যা	সূর্যসম্ভব	অপূর্ব চন্দ্র দত্ত	১৩০৯	১১৯-১২২	সৌর বিজ্ঞান	মহাকাশ বিজ্ঞান
২য় ভাগ ৩য় সংখ্যা	হিন্দু রসায়নের ইতিহাস		১৩০৯	১১০-১১২	রসায়ন	রসায়ন
৩য় ভাগ ৮ম সংখ্যা	অকবরের মহাভারত		১৩১০	৩০৮-৩০৯	চিত্রকলা	শিল্পকলা
৩য় ভাগ ৩য় সংখ্যা	অধ্যাপক বসুর আবিষ্কার	জগদানন্দ রায়	১৩১০	৭৬-৮১	উদ্ভিদ বিজ্ঞান	উদ্ভিদ বিজ্ঞান
৩য় ভাগ ১২শ সংখ্যা	অসভ্যজাতির ধর্ম সংস্কার	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩১০	৫১৬-৫২২	লোকাচার	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ২য় সংখ্যা	অহমদনগর	বামনদাস বসু	১৩১০	৩৩-৪২	ইতিহাস মোগল	ইতিহাস
৩য় ভাগ ২য় সংখ্যা	আদি কাব্য	বিজয় চন্দ্র মজুমদার	১৩১০	৫৫-৫৭	মহাকাব্য	সাহিত্য
৩য় ভাগ ৩য় সংখ্যা	আদি কাব্য	বিজয় চন্দ্র মজুমদার	১৩১০	৯০-৯৩	মহাকাব্য	সাহিত্য
৩য় ভাগ ৭ম সংখ্যা	আমাদের আর্য্যগনের প্রাচীন নিবাস		১৩১০	২৭৫-	ইতিহাস প্রাচীন ভারত	ইতিহাস
৩য় ভাগ ৮ম সংখ্যা	আমাদের আর্য্যগনের প্রাচীন নিবাস	যোগেশ চন্দ্র রায়	১৩১০	৩২৬-৩৩৫	ইতিহাস প্রাচীন ভারত	ইতিহাস
৩য় ভাগ ১ম সংখ্যা	আমাদের জাতীয় সাহিত্য আলোচনার আবশ্যকতা	নগেন্দ্র চন্দ্র সোম	১৩১০	১১-০১৯	সাহিত্য	সাহিত্য
৩য় ভাগ ১১শ সংখ্যা	আমাদের জ্যোতিষ - সমালোচনা	অপূর্ব চন্দ্র দত্ত	১৩১০	৪৮৬-৪৯৭	জ্যোতিষ বিদ্যা	জ্যোতিষ বিদ্যা
৩য় ভাগ ১১শ সংখ্যা	আসামী সাহিত্যে বাংলা ভাষা	পঞ্চানন ঘোষ	১৩১০	৪৬৭-৪৭২	সাহিত্য	সাহিত্য
৩য় ভাগ ১১শ সংখ্যা	ইসলামে মনুষ্য সৃষ্টি	সিদ্ধমোহন মিত্র	১৩১০	৪৮২-৪৮৫	ইসলাম ধর্ম	ধর্ম
৩য় ভাগ ৯ম সংখ্যা	উর্দু সাময়ক সাহিত্য		১৩১০	৩৭৩-৩৭৪	গ্রন্থাগার	সাধারণী
৩য় ভাগ ৩য় সংখ্যা	কংগ্রেস ও ক্রীড়া প্রদর্শনী	পরেশ নাথ বন্দ্যোপাধ্যায়	১৩১০	৭১-৭৬	সভা সমিতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১২শ সংখ্যা	কামসূত্র	বিজয় চন্দ্র মজুমদার	১৩১০	৫৫৮-৫৬০	শিক্ষা	শিক্ষা
৩য় ভাগ ৫ম সংখ্যা	কোলজাতির বৃত্তান্ত	যোগেন্দ্র নাথ গুপ্ত	১৩১০	১৬২-১৬৪	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ৩য় সংখ্যা	কোহিনুরের কথা	হরিহর শেঠ	১৩১০	৯৪-৯৭	ইতিহাস মোগল	ইতিহাস
৩য় ভাগ ১২শ সংখ্যা	কুর্গ	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩১০	৫৫৭-৫৫৮	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	কলিকাতা		১৩১০	২০০-২০৫	পরিসংখ্যান	পরিসংখ্যান
৩য় ভাগ ৪র্থ সংখ্যা	খাসিয়া জাতি	নীলমণি চক্রবর্তী	১৩১০	১১৭-১২৩	জাতি	সমাজ বিজ্ঞান

৩য় ভাগ ৫ম সংখ্যা	গীতা ধর্ম		১৩১০	১৪০-১৪৫	হিন্দু ধর্ম	ধর্ম
৩য় ভাগ ৮ম সংখ্যা	গৌরাঙ্গ	শ্রী সমালোচক	১৩১০	৩২৫-৩২৬	চৈতন্যদেব	জীবনী
৩য় ভাগ ৮ম সংখ্যা	গুজরাটি মাসিকপত্র		১৩১০	৩৩৫-৩৩৬	গ্রন্থাগার	সাধারণী
৩য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	গুজরাতী ভাষা ও প্রাচীন সাহিত্য		১৩১০	১৮১-১৯৫	ভাষা	ভাষা
৩য় ভাগ ৭ম সংখ্যা	চাঁদ বিবির ছবি	বামনদাস বসু	১৩১০	২৭২	চিত্রকলা	শিল্পকলা
৩য় ভাগ ১২শ সংখ্যা	জাপান ও ভারতবর্ষ		১৩১০	৫০৯-৫১৫	পররাষ্ট্রনীতি	রাষ্ট্রবিজ্ঞান
৩য় ভাগ ৩য় সংখ্যা	জার্মান দেশীয় সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণ	বামনদাস বসু	১৩১০	৮২-৮৫	সাহিত্য	সাহিত্য
৩য় ভাগ ৫ম সংখ্যা	জমিদারী বন্দোবস্ত বিষয়ক আইন		১৩১০	১৪৫-১৪৯	আইন	রাষ্ট্রবিজ্ঞান
৩য় ভাগ ৯ম সংখ্যা	ঢাকার পুরাতত্ত্ব	চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩১০	৩৭৮-৩৮১	পুরাতত্ত্ব	ইতিহাস
৩য় ভাগ ৮ম সংখ্যা	তামিল সাময়িক সাহিত্য		১৩১০	৩৩৬	গ্রন্থাগার	সাধারণী
৩য় ভাগ ১০ম সংখ্যা	তিব্বতে হিন্দু পরিব্রাজক	সিদ্ধমোহন মিত্র	১৩১০	৪১৯-৪২০	জীবনী	জীবনী
৩য় ভাগ ৬ষ্ঠ সংখ্যা	ত্রিগর্তদেশ		১৩১০	২২২-২২৫	ভ্রমণ	ভ্রমণ
৩য় ভাগ ৭ম সংখ্যা	ত্রিগর্তদেশ	হিমারন্যবাসি কোন পরিব্রাজক	১৩১০	২৪১-২৪৬	ভূগোল	ভুগোল
৩য় ভাগ ১১শ সংখ্যা	দীপান্বিত অমাবস্যা	তারকনাথ দাস	১৩১০	৪৮০-৪৮২	লোকাচার	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১১শ সংখ্যা	ধর্মশালা শৈল		১৩১০	৪৭৫-৪৭৭	ভূগোল	ভুগোল
৩য় ভাগ ১১শ সংখ্যা	নাওরোজ কোম্পানী		১৩১০	৪৭৭-৪৭৮	কোম্পানি	উৎপাদন
৩য় ভাগ ১ম সংখ্যা	প্রাচীন কালের জন্তু	উপেন্দ্র কিশোর রায় চৌধুরী	১৩১০	১৯-২২	জীবজন্তু	প্রাণী বিজ্ঞান
৩য় ভাগ ১০ম সংখ্যা	প্রাচীন সংস্কৃত গ্রন্থ মুদ্রণ		১৩১০	৪৫০	মুদ্রণ	সাধারণী
৩য় ভাগ ১ম সংখ্যা	প্রবাসে বাঙ্গলির অবস্থা ও কর্তব্য		১৩১০	২৫-৩২	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১০ম সংখ্যা	প্রবাসে বাঙ্গলির কীর্তি	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩১০	৪১৭-৪১৮	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১০ম সংখ্যা	প্রবাসে বাঙালীর কীর্তি	জ্ঞানেন্দ্র মোহন দাস	১৩১০	৩৯১-৩৯৪	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ৭ম সংখ্যা	পরুষতা ও রমণীয়তা	সরলা দেবী	১৩১০	২৬৯-২৭২	ধর্ম	ধর্ম
৩য় ভাগ ১০ম সংখ্যা	বঙ্গ সাহিত্যে গাথা কাব্য	বীরেশ্বর গোস্বামী	১৩১০	৪৩৯-৪৪৭	সাহিত্য	সাহিত্য
৩য় ভাগ ১২শ সংখ্যা	বাঙলা ভাষার ইংরাজি কৃত উন্নতি	হরিহর শেঠ	১৩১০	৫৫২-৫৫৪	ভাষা	ভাষা
৩য় ভাগ ১০ম সংখ্যা	বিভিন্ন সামাজিক আদর্শের সংঘর্ষ		১৩১০	৩৯৫-৪০১	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ৮ম সংখ্যা	বিভিন্ন সামাজিক আদর্শের সংঘর্ষ		১৩১০	২৮৫-২৯১	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ৯ম সংখ্যা	বিভিন্ন সামাজিক আদর্শের সংঘর্ষ		১৩১০	৩৪৭-৩৫৪	সমাজ বিজ্ঞান	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১ম সংখ্যা	বীজাপুর	বামনদাস বসু	১৩১০	০০০১-১১	ইতিহাস মোগল	ইতিহাস
৩য় ভাগ ১০ম সংখ্যা	বেহারে প্লেগ	গুরু দাস চক্রবর্তী	১৩১০	৪৩১-৪৩৩	রোগ	চিকিৎসা
৩য় ভাগ ৮ম সংখ্যা	বর্তমান বাঙ্গালা গদ্য সাহিত্যের অবস্থা পর্যালোচনা	প্রফুল্ল চন্দ্র রায়	১৩১০	২৯১-২৯৮	সাহিত্য	সাহিত্য
৩য় ভাগ ১০ম সংখ্যা	বলীদ্বীপ	নগেন্দ্র চন্দ্র সোম	১৩১০	৪২৪-৪৩০	ভূগোল	ভুগোল
৩য় ভাগ ৯ম সংখ্যা	বড়লাটের শাসন নীতি		১৩১০	৩৭৪-৩৭৮	প্রশাসন	প্রশাসন
৩য় ভাগ ১১শ সংখ্যা	ভাষার একতা	বিজয় চন্দ্র মজুমদার	১৩১০	৫০৬-৫০৮	ভাষা	ভাষা
৩য় ভাগ ৪র্থ সংখ্যা	মালাবারের চেরুমা	ব্রজ সুন্দর সান্যাল	১৩১০	১৩৮-১৩৯	জাতি	সমাজ বিজ্ঞান
৩য় ভাগ ১১শ সংখ্যা	মহানুভব ফ্রেমজী- রুস্তমজী খজুরীনা		১৩১০	৪৭৮-৪৮০	জীবনী	জীবনী
৩য় ভাগ ৫ম সংখ্যা	মহাভারত	বিজয় চন্দ্র মজুমদার	১৩১০	১৭৬-১৭৯	মহাকাব্য	সাহিত্য
৩য় ভাগ ৮ম সংখ্যা	মহারাষ্ট্রীয় ভাষা ও সাহিত্য		১৩১০	৩১৯-৩২৫	ভাষা	ভাষা
৩য় ভাগ ৯ম সংখ্যা	মহারাষ্ট্রীয় ভাষা ও সাহিত্য		১৩১০	৩৬৭-৩৭৩	সাহিত্য	সাহিত্য
কবি ও জাতিগঠন	সূর্য্যপ্রসন্ন বাজপেয়ী চৌধুরী	কার্ত্তিক ১৩৫০	৪৪-৪৬	সমাজ বিজ্ঞান
কুমার-সম্ভবে সমাজতত্ত্ব	ফণীভূষণ রায়	মাঘ ১৩৩৭	৪৬৬-৪৬৮	সমাজ বিজ্ঞান
ক্ষুদ্রবিশ্ব ও বিশ্বতত্ত্ব	অতসী বসু	বৈশাখ ১৩৫৩	২৮-৩১	সমাজ বিজ্ঞান
জাতির জীবনে রক্তের মূল্য	বিজয় লাল চট্টোপাধ্যায়	চৈত্র ১৩৪৯	৫৩৪-৫৩৯	সমাজ বিজ্ঞান
জীবনে আদর্শবাদ	অবনীনাথ রায়	অগ্রহায়ণ ১৩৫০	১৪৬-১৪৯	সমাজ বিজ্ঞান
ধন বিজ্ঞান, মানব ও সামাজিক বিজ্ঞান	হৃষীকেশ ত্রিপাঠী	ফাল্গুন ১৩৩২	৬১৬-৬১৮	সমাজ বিজ্ঞান
নারী নামের পদ্ধতি	যোগেশ চন্দ্র রায়	আষাঢ় ১৩৩৬	৪৪২-৪৪৭	সমাজ বিজ্ঞান
পিতৃস্নেহ ও তার স্বরূপ	নারায়ণ চন্দ্র চন্দ	অগ্রহায়ণ ১৩৫৮	১৫০-১৫২	সমাজ বিজ্ঞান
পবিত্র জীবজন্তু	গোপাল চন্দ্র ভট্টাচার্য	কার্ত্তিক ১৩৫০	৬৪-৭০	সমাজ বিজ্ঞান
প্রাচ্য ও পাশ্চাত্য	রাধা কমল মুখোপাধ্যায়	পৌষ ১৩৪৫	৩৬২-৩৬৬	সমাজ বিজ্ঞান
বাংলার প্রাণবস্তু	ক্ষিতি মোহন সেন	চৈত্র ১৩৩৭	৮৪১-৮৫৬	সমাজ বিজ্ঞান
বার্ট্রান্ড রাসেলের সমাজ দর্শন	উমা সেন	চৈত্র ১৩৫৪	৫৭৫-৫৭৮	সমাজ বিজ্ঞান
বেদ সংহিতায় নৈতিক আদর্শ	অবিনাশ চন্দ্র বসু	বৈশাখ ১৩৪৯	৫৩-৫৭	সমাজ বিজ্ঞান
বৈদিক আর্য্যগণ কি সেমিটিক	ননী মাধব চৌধুরী	পৌষ ১৩৫২	২১৭-২২৩	সমাজ বিজ্ঞান
ব্যাপ্তি ও সমষ্টি	বিমলাচরণ লাহা	পৌষ ১৩৫০	২১৭-২২২	সমাজ বিজ্ঞান
বৃত্তি সমস্যা ও তাহার সমাধান	সরোজেন্দ্র নাথ রায়	চৈত্র ১৩৪৯	৫০৭-৫১০	সমাজ বিজ্ঞান
বর্ত্তমান ও ভবিষ্যৎ	শৈলেন্দ্র কৃষ্ণ লাহা	আশ্বিন ১৩৫১	৪২০-৪২৩	সমাজ বিজ্ঞান
বল ও সমাজ	সুরেন্দ্র নাথ দাস গুপ্ত	শ্রাবণ ১৩৪৯	৩৪৬-৩৪৯	সমাজ বিজ্ঞান
ভাবী ভারতের জয়িষ্ণু ধর্ম	সতীশ চন্দ্র চক্রবর্তী	অগ্রহায়ণ ১৩৪৭	২২০-২২৪	সমাজ বিজ্ঞান
ভারত সভ্যতায় বাঙালী মৎস্যেন্দ্রনাথের দান	সুরেশ চন্দ্র নাথ মজুমদার	মাঘ ১৩৫৭	৩৭৪-৩৭৫	সমাজ বিজ্ঞান
ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা	অমূল্য চরণ বিদ্যাভূষণ	শ্রাবণ ১৩৪১	৫১০-৫১৩	সমাজ বিজ্ঞান
ভারতে সমাজতত্ত্ব	নগেন্দ্র নাথ চন্দ	জ্যৈষ্ঠ ১৩৫৩	১৯৮-২০১	সমাজ বিজ্ঞান
মানুষ ও মুসলমান	উমেশ চন্দ্র ভট্টাচার্য	চৈত্র ১৩৫৪	৬০৩-৬০৮	সমাজ বিজ্ঞান
মানুষ ও সৃষ্টি	ভবানী শঙ্কর মুখোপাধ্যায়	শ্রাবণ ১৩৫২	২৭০-২৭২	সমাজ বিজ্ঞান
মুসলনান সভ্যতার ধারা ও প্রাচীন জ্ঞানচর্চ্চা	কালিকা রঞ্জন কানুনগো	কার্ত্তিক ১৩৪০	৮৬-৯১	সমাজ বিজ্ঞান
শ্রেনী সংগ্রাম	অনিল বরন রায়	চৈত্র ১৩৪৪	৮০৮-৮১০	সমাজ বিজ্ঞান
সংযম ও সাম্যবাদ	উমেশ চন্দ্র ভট্টাচার্য	ফাল্গুন ১৩৪৮	৫৭২-৫৭৭	সমাজ বিজ্ঞান
সাম্য	অশোক চট্টোপাধ্যায়	জ্যৈষ্ঠ ১৩৫৩	১৬০-১৬৩	সমাজ বিজ্ঞান
সভ্যতা (Civilisation)এবং সংস্কৃতি (Culture)	বিজয় লাল চট্টোপাধ্যায়	চৈত্র ১৩৪৭	৭৩৫-৭৩৮	সমাজ বিজ্ঞান
সভ্যতার অভিব্যক্তি	শরৎ চন্দ্র রায়	চৈত্র ১৩৪৪	৭৫৬-৭৬৫	সমাজ বিজ্ঞান
সভ্যতার আদর্শ ও শিক্ষার রূপ	লক্ষ্মীশ্বর সিংহ	শ্রাবণ ১৩৫৪	৩৫৪-৩৫৬	সমাজ বিজ্ঞান
সভ্যতার সমন্বয়	দেবেন্দ্র নাথ চট্টোপাধ্যায়	অগ্রহায়ণ ১৩৫৩	১৮৫-১৮৮	সমাজ বিজ্ঞান
সমাজ বন্ধন	রাধা কমল মুখোপাধ্যায়	আষাঢ় ১৩৪৭	৩০১-৩০৫	সমাজ বিজ্ঞান
হিন্দু ভদ্রলোকের ভবিষ্যৎ	রমা প্রসাদ চন্দ	অগ্রহায়ণ ১৩৪০	১৬২-১৬৬	সমাজ বিজ্ঞান

এইভাবে সমাজ বিজ্ঞান বিষয়ক প্রাপ্ত সমগ্র শিরোনামগুলি বিশ্লেষণ করে দেখা গেছে, মোট ৮৩৭৬ শিরোনামের মধ্যে সমাজ বিজ্ঞান বিষয়ক শিরোনাম পাওয়া গেছে **১৫৮**টি। অর্থাৎ **১.৮৮৬%** প্রবন্ধ সমাজ বিজ্ঞান বিষয়ে লেখা হয়েছে। নিম্নে উল্লেখিত সারণী থেকে দেখা যায়, কোন বছরে কতগুলি সমাজ বিজ্ঞান বিষয়ক শিরোনাম পাওয়া গেছে।

ক্রমিক নং	সাল	শিরোনাম সংখ্যা
১	১৩০৮	০৫
২	১৩০৯	০১
৩	১৩১০	০৩
৪	১৩১১	০২
৫	১৩১২	০৩
৬	১৩১৪	০৩
৭	১৩১৫	০২
৮	১৩১৬	০৫
৯	১৩১৭	০৮
১০	১৩১৮	০৫
১১	১৩১৯	০২
১২	১৩২০	০৩
১৩	১৩২৫	০১
১৪	১৩২৯	০১
১৫	১৩৩০	০২
১৬	১৩৩১	০৪
১৭	১৩৩২	০২
১৮	১৩৩৬	০২
১৯	১৩৩৭	০২
২০	১৩৪০	০২
২১	১৩৪১	০১
২২	১৩৪৪	০২
২৩	১৩৪৫	০১
২৪	১৩৪৭	০৩
২৫	১৩৪৮	০৩
২৬	১৩৪৯	০৪
২৭	১৩৫০	০৫
২৮	১৩৫১	০২
২৯	১৩৫২	০২
৩০	১৩৫৩	০৪
৩১	১৩৫৪	০৩
৩২	১৩৫৫	০১
৩৩	১৩৫৭	০১
৩৪	১৩৫৮	০৪
৩৫	১৩৫৯	০৬
৩৬	১৩৬০	০৪
৩৭	১৩৬১	০৬
৩৮	১৩৬২	০৫
৩৯	১৩৬৩	০৪
৪০	১৩৬৫	০৫
৪১	১৩৬৬	০৫
৪২	১৩৬৭	০৩
৪৩	১৩৬৯	০৩
৪৪	১৩৭১	০১
৪৫	১৩৭২	০২
৪৬	১৩৭৩	০৩
৪৭	১৩৭৪	০১
৪৮	১৩৭৫	০২
৪৯	১৩৭৬	০৩
৫০	১৩৭৭	০২
৫১	১৩৭৮	০২
৫২	১৩৭৯	০৩
৫৩	১৩৮০	০১
৫৪	১৩৮১	০২
৫৫	১৩৮৩	০১
	মোট	**১৫৮**

সারণী- ১৫৪ সমাজ বিজ্ঞান বিষয়ের বর্ষানুযায়ী বিস্তার

এই বিষয়ে **১১৫**জন স্বতন্ত্র লেখকের লেখা পাওয়া গেছে। **১২**টি লিখনে কোন লেখক পরিচিতি পাওয়া যায় নি। সমাজ বিজ্ঞান বিষয়ক প্রবন্ধে দুইজন লেখক ছদ্মনাম (জনৈক হিন্দু ও সম্পাদক) ব্যবহার করেছেন। ৮২জন লেখকদের মধ্যে পাঁচজন মহিলা লেখকের নাম (অতসী বসু; উমা সেন; জ্যোতির্ম্ময়ী দেবী; তপতী গোস্বামী ও শক্তি দেবী) পাওয়া গেছে এবং একজন মুসলিম লেখকের নাম (জাল ফিরোজ বুলসারা) পাওয়া গেছে। **১৩১৭**সালে সমাজ বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ সর্বাধিক (০৮টি) প্রকাশিত হয়েছে।

৬.১৫ প্রবাসীর প্রবন্ধের বিষয় পরিক্রমা


এখানে বিষয় পরিক্রমা বলতে, প্রবাসীর প্রবন্ধের বর্ষ-সমষ্টিগত (Interval) প্রকাশনার ধারা ও প্রকৃতিকে বোঝানো হয়েছে। এই পরিক্রমায় বিষয়ের অবস্থান দেখানো হয়েছে। মোট ৮৩৭৬টি প্রবন্ধের বিষয় বিশ্লেষণের ফলে বিষয় সমূহের অবস্থান বা কালগত পরিধি নির্ণয় করা হয়েছে। সহজ ভাষায় বললে, প্রবাসীর মোট ৭৭ বছরের প্রকাশনাকে ১১ বছরের একটি বর্ষ-সমষ্টি করে সাতটি ভাগ করা হয়েছে। যথা-

ইন্টারভ্যাল
১৩০৮-১৩১৮
১৩১৯-১৩২৯
১৩৩০-১৩৪০
১৩৪১-১৩৫১
১৩৫২-১৩৬২
১৩৬৩-১৩৭৩
১৩৭৪-১৩৮৪

এই বিভাজনের মাধ্যমে সহজেই বোঝা যায়, কোন কোন বিষয় কোন কোন বর্ষ সমষ্টিতে সর্বাধিক প্রকাশিত হয়েছে। এই ভাবে অধিকাংশ বিষয়ের জন্য সম্পর্কিত বৎসরকে শনাক্ত করা হয়েছে।

৬.১৫.১ বাণিজ্য শাখার বিষয়াবলীর পরিক্রমা


চিত্র নং ৩ এ দেখানো হয়েছে, বাণিজ্য শাখার অন্তর্গত ১১টি বিষয়াবলীর মধ্যে অর্থনীতি (২৫টি), উৎপাদন (১০টি), কর (০৩টি), পরিসংখ্যান (০৮টি), ব্যাংক (১০টি) বিষয়ে সর্বাধিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে ১৩৫২-১৩৬২ বর্ষ সমষ্টিতে (Interval)।



চিত্রঃ ৭ বাণিজ্য শাখার বিষয়াবলীর পরিক্রমা

৬.১৫.২ বিজ্ঞান শাখার বিষয়াবলীর পরিক্রমা


চিত্র নং ৪ এ দেখানো হয়েছে, বিজ্ঞান শাখার অন্তর্গত ১৫টি বিষয়াবলীর মধ্যে প্রানী বিজ্ঞান (৬০টি) ও চিকিৎসা (২১টি) বিষয়ে সর্বাধিক প্রবন্ধ পাওয়া গেছে **১৩৪১-১৩৫১** বর্ষ-সমষ্টিতে।



চিত্রঃ ৮ বিজ্ঞান শাখার বিষয়াবলীর পরিক্রমা

৬.১৫.৩ মানবতাবাদ বিদ্যা শাখার বিষয়াবলীর পরিক্রমা

চিত্র নং ৫ এ দেখানো হয়েছে, মানবতাবাদ শাখার অন্তর্গত ১৪টি বিষয়াবলীর মধ্যে সমাজ বিজ্ঞান (৩০২টি), শিক্ষা (১০৬টি), রাষ্ট্রবিজ্ঞান (৪৮টি), ভ্রমণ (১০৬টি), ভূগোল (৫৯টি) ও প্রশাসন (২২১) বিষয়ে সর্বাধিক প্রবন্ধ পাওয়া গেছে ১৩৫২-১৩৬২ বর্ষ-সমষ্টিতে।




চিত্রঃ ৯ মানবতাবাদ বিদ্যা শাখার বিষয়াবলীর পরিক্রমা

নিম্নোক্ত চিত্রগুলিতে মূল তিনটি শাখার বর্ষ-সমষ্টি (Interval) অনুসারে বিভাজন দেখানো হয়েছে।

৬.১৫.৪ বর্ষ-সমষ্টিতে বাণিজ্য শাখা


চিত্র নং ৬ তে দেখা যায়, ১৩৫২-১৩৬২ বর্ষ- সমষ্টি হল বাণিজ্য শাখার সর্বাধিক প্রবন্ধ (২৪.৬৫%) প্রকাশিত কাল।



চিত্রঃ ১০ বর্ষ সমষ্টিতে বাণিজ্য শাখার বিষয়াবলী

৬.১৫.৫ বর্ষ-সমষ্টিতে বিজ্ঞান শাখা


চিত্র নং ৭ তে দেখা যায়, ১৩৪১-১৩৫১ বর্ষ-সমষ্টি হল বিজ্ঞান শাখার সর্বাধিক প্রবন্ধ (২২.০৭%) প্রকাশিত কাল।



চিত্রঃ ১১ বর্ষ সমষ্টিতে বিজ্ঞান শাখার বিষয়াবলী

৬.১৫.৬ বর্ষ-সমষ্টিতে মানবতাবাদ বিদ্যা শাখা


চিত্র নং ৮ তে দেখা যায়, ১৩৫২-১৩৬২ বর্ষ-সমষ্টি হল বাণিজ্য শাখার সর্বাধিক প্রবন্ধ (২০.৮২%) প্রকাশিত কাল।



চিত্রঃ ১২ বর্ষ সমষ্টিতে মানবতাবাদ বিদ্যা শাখার বিষয়াবলী

সুতরাং দেখা যায় যে, ১৩৫২-১৩৬২ বর্ষ-সমষ্টিতে প্রবাসীর প্রবন্ধ প্রকাশনা সর্বাধিক ছিল। এইক্ষেত্রে মানবতাবাদ বিদ্যা ও বাণিজ্য শাখার বিষয় পরিক্রমা বেশী দেখা যায়। উল্লেখ্য বিজ্ঞান শাখার ক্ষেত্রে ১৩৪১-১৩৫১ বর্ষ-সমষ্টি ছিল সর্বাধিক। সাধারন ভাবে বলা যায় যে, ১৯৪৭ সালে (বঙ্গাব্দ ১৩৫৪) ভারত স্বাধীন হওয়ার পূর্ববর্তী ও পরবর্তী সময়ে প্রকাশনার প্রাচুর্য দেখা যায়। তৎকালীন স্বাধীনতা অর্জনের সামাজিক চিত্র, প্রশাসনিক অবস্থা বিশেষভাবে ফুটে উঠেছে প্রবাসীর প্রবন্ধের লেখায়।

৬.১৫.৭ বর্ষ-সমষ্টিতে প্রবাসীর প্রবন্ধাবলী



চিত্রঃ ১৩ বর্ষ সমষ্টিতে প্রবাসীর মূল বিষয়াবলী

উপরিউল্লেখিত তথ্যগুলির বিশ্লেষণ করে দেখা যায়, ১৩৫২-১৩৬২ বর্ষ সমষ্টিতে ১৩টি বিষয়ের সর্বাধিক প্রকাশনা প্রকাশিত হয়েছে। এই বিষয়গুলি হলঃ অর্থনীতি, কর, পরিসংখ্যান, ব্যাংক, প্রশাসন, ভুগোল, ভ্রমণ, রাষ্ট্রবিজ্ঞান, শিক্ষা, সমাজ বিজ্ঞান , কৃষি কাজ, পদার্থ বিজ্ঞান ও রসায়ন


৬.১৫.৮ প্রকাশনার ধারা

প্রবাসীর মোট প্রবন্ধ সংখ্যা ৮৩৭৬টি। মোট ৭৭ বছরের এই প্রকাশনা। এই প্রকাশনাগুলিকে ১১ বছরের একটি গুচ্ছ করে মোট ৭টি গুচ্ছ বা বর্ষ-সমষ্টি নির্ধারণ করা হয়েছে (সারণী ১)। ১৩০৮-১৩১৮ এর বর্ষ-সমষ্টিতে প্রবাসীর প্রকাশনার ধারা শুরু হয়েছে ১০৯১টি প্রবন্ধে। প্রকাশনার ধারা সর্বাধিক বৃদ্ধি পেতে শুরু করেছে ১৩৪১ থেকে এবং ১৩৬২ বঙ্গাব্দ পর্যন্ত সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে। ১৩৫২ থেকে ১৩৬২ পর্যন্ত মোট প্রবন্ধ প্রকাশনা ছিল ১৭৩৩টি। বছর-প্রতি প্রকাশনার গড় ছিল ১০৮.৭৭।

এখানে প্রকাশনার ধরন ট্রেন্ড লাইন (trendline) ও চলমান গড় (moving average) মাধ্যমে রেখাচিত্রে প্রকাশিত হয়েছে। এই রেখাচিত্রে পাওয়া যায় যে, ৭৭ বছরের প্রকাশনার ধারা ক্রমশঃ ধ্বন্যাত্মক বা ক্রম-বর্ধমান এবং এক্ষেত্রে এটাও অনুমেয় যে, যদি প্রবাসীর প্রকাশনা বন্ধ না হত, সেক্ষেত্রে প্রকাশনার ধ্বন্যাত্মক ধারা অব্যাহত থাকত।

ইন্টারভ্যাল	প্রবন্ধের সংখ্যা মোট ৮৩৭৬	শতকরা	ক্রমবর্ধিত প্রবন্ধের সংখ্যা	শতকরা
১৩০৮-১৩১৮	১০৯১	১৩.০২	১০৯১	১৩.০২
১৩১৯-১৩২৯	১০৬৯	১২.৭৬	২১৬০	২৫.৭৮
১৩৩০-১৩৪০	১২১৫	১৪.৫	৩৩৭৫	৪০.২৮
১৩৪১-১৩৫১	১১৯৬	১৪.২৮	৪৫৭১	৫৪.৫৬
১৩৫২-১৩৬২	১৭৩৩	২০.৭	৬৩০৪	৭৫.২৬
১৩৬৩-১৩৭৩	১২৪৩	১৪.৮৪	৭৫৪৭	৯০.১
১৩৭৪-১৩৮৪	৮২৯	৯.৯	৮৩৭৬	১০০

সারণী- ১৫৫ বর্ষ সমষ্টিতে প্রবাসীর প্রকাশনা ও তাঁর শতকরা ভাগ



চিত্রঃ ১৪ প্রবাসীর প্রকাশনার ধারা

৬.১৫ অনুমানগুলির বিশ্লেষণ

আলোচ্য গবেষণায় পাঁচটি অনুমানগুলি নির্ধারন করা হয়েছে। এই অনুমানগুলি যথার্থ ভাবে বিশ্লেষণ করার জন্য প্রবাসীর প্রকাশনার সামগ্রিক মুল্যায়নের পাশাপাশি গ্রন্থাগার বিজ্ঞান সংক্রান্ত প্রবন্ধে মুল্যায়নও প্রয়োজনীয়। এই অনুমানগুলি হল-

১. 'প্রবাসী' মিশ্রিত বিষয় সমন্বিত পত্রিকা হলেও গ্রন্থাগার বিজ্ঞান স্থান পায় নি।

২. গ্রন্থাগার আন্দোলনে প্রবাসী পত্রিকার কোন ভূমিকা নেই।

৩. বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সাথে প্রবাসীর কোনরূপ সম্পর্ক ছিল না।

৪. প্রবাসীর রচনা সম্ভারে ডঃ এস. আর. রঙ্গনাথনের কোন উল্লেখ নেই।

৫. প্রবাসীতে বিজ্ঞান বিষয়ক প্রসঙ্গ ও রচনাগুলি অগ্রাধিকার পায় নি।

৬.১৫.১ অনুমান-১

'প্রবাসী' মিশ্রিত বিষয় সমন্বিত পত্রিকা হলেও গ্রন্থাগার বিজ্ঞান স্থান পায় নি'

গবেষণার প্রবন্ধসমূহ বিশ্লেষণ করে 'প্রবাসী' পত্রিকাকে মিশ্রিত বিষয় সমন্বিত পত্রিকা বলা যায়, কারন এই পত্রিকায় জ্ঞানরাজ্যের অধিকাংশ বিষয় সম্বন্ধীয় প্রবন্ধ প্রকাশিত হয়েছে। আলোচ্য গবেষণায় ১ম অনুমান বিচার করার জন্য গ্রন্থাগার বিজ্ঞান সংক্রান্ত প্রবন্ধ অন্বেষণ করা হয়েছে। এক্ষেত্রে সাংখ্যিক দিকটি উল্লেখযোগ্য। মোট ৮৩৭৬টির মধ্যে ৫৮টি(০.৬৯%) গ্রন্থাগার সংক্রান্ত প্রবন্ধ পাওয়া গেছে। এই ৫৮টি প্রবন্ধগুলিতে গ্রন্থাগার বিজ্ঞানের বিভিন্ন দিক যেমন বিভিন্ন ধরনের গ্রন্থাগার, গ্রন্থাগার আন্দোলন, গ্রন্থাগার ব্যবস্থাপনা, গ্রন্থাগার সংগঠন, গ্রন্থ, সাময়িক পত্র পত্রিকা, গ্রন্থপঞ্জী সহ নানা গ্রন্থাগার সামগ্রী, ব্যবহারকারী, লেখক ইত্যাদি আলোচিত হয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, গ্রন্থাগার বিজ্ঞান সংক্রান্ত প্রবন্ধ প্রকাশনার প্রায় প্রতি বছরেই প্রকাশিত হয়েছে।

সুতরাং এটা বলা যায় যে, অনুমান-১ যথার্থ রূপে সঠিক নয়। 'প্রবাসী' পত্রিকাতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ক প্রবন্ধও আলোচিত হয়েছে, এবং এটি যথার্থই একটি মিশ্রিত বিষয় সমন্বিত পত্রিকা।

৬.১৫.২ অনুমান-২

‘গ্রন্থাগার আন্দোলনে প্রবাসী পত্রিকার কোন ভূমিকা নেই’

যদিও অনুমান -১ ভ্রান্ত হওয়ায় এটা প্রমাণিত হয়েছে যে গ্রন্থাগার বিজ্ঞান ‘প্রবাসী’র প্রকাশনার একটি সাধারণ বিষয়। কিন্তু গ্রন্থাগার আন্দোলনের ক্ষেত্রে ভূমিকার প্রশ্নে প্রবন্ধ বিশ্লেষণ একান্ত জরুরী। এক্ষেত্রে বিমল কুমার দত্তের লেখা “গ্রন্থাগার আন্দোলন” এবং “দক্ষিণ পুর্ব্ব এশিয়া গ্রন্থাগার আন্দোলন” শিরোনামটি উল্লেখযোগ্য; মুণীন্দ্র দেব রায়ের লেখা “গ্রন্থাগার আন্দোলনের প্রসার”; নক্ষত্র লাল সেনের লেখা “মধ্যযুগের ভারতে গ্রন্থাগারিকের স্থান”; শিবদাস চৌধুরীর লেখা “গ্রন্থাগারের সামাজিক দ্বায়িত্ব ও আমাদের পরিকল্পনা”; যোগেশ চন্দ্র বাগলের লেখা “জাতীয় গ্রন্থাগারের রূপান্তর”; রবীন্দ্র নাথ ঠাকুরের লেখা “লাইব্রেরির মুখ্য কর্ত্তব্য” ইত্যাদি প্রবন্ধে গ্রন্থাগার আন্দোলন সম্পর্কে যথেষ্ট উল্লেখযোগ্য।


সুতরাং এটা বলা যায় যে অনুমান -২ ভ্রান্ত। সাড়াজাগানো না হলেও গ্রন্থাগার আন্দোলন সম্পর্কে প্রবন্ধ প্রকাশ করে গ্রন্থাগার আন্দোলনকে সাধারণ মানুষের কাছে পৌছে দেওয়ার বার্তাবহ হয়েছিল ‘প্রবাসী’।

৬.১৫.৩ অনুমান-৩

‘বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সাথে প্রবাসীর কোনরূপ সম্পর্ক ছিল না’


১৯২৫ সালে কলিকাতায় বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের সভাপতিত্বে স্থাপিত হয়। ১৯২৫ সালে প্রবাসীর প্রকাশনাও প্রায় পঁচিশ বছর অতিক্রম করেছে। প্রবাসীর নানা প্রবন্ধ অন্বেষণ করে বঙ্গীয় পরিষদের নাম পাওয়া গেছে। তবে কোথাও প্রবাসী পত্রিকার সাথে সম্পর্কের কথা মুদ্রিত হয় নি। কিন্তু বিষয়ের আঙ্গিকে পরিষদের কথা উঠে এসেছে নানা গ্রন্থাগার বিষয়ক প্রবন্ধে। নিচে কয়েকটি উল্লেখ করা হল।

রবীন্দ্রনাথ ঠাকুর তার একটি প্রবন্ধ “লাইব্রেরির মুখ্য কর্ত্তব্য"। এই প্রবন্ধে গ্রন্থাগার পরিষদের উল্লেখ করেছেন। তবে এক্ষেত্রে পরিষদের পুরাতন নামের উল্লেখ আছে। (পৌষ ১৩৩৫)


উপসংহারে আমার বক্তব্য এই যে, নিখিল ভারত লাইব্রেরি পরিষদ থেকে ত্রৈমাসিক, ষাণ্মাসিক, বা বার্ষিক এমন একটি পত্রিকা প্রকাশিত হওয়া উচিত যাতে অন্তত ইংরেজি ভাষায় বিজ্ঞান ইতিহাস সাহিত্য প্রভৃতি সম্বন্ধে যে সকল ভালো বই প্রকাশ হচ্ছে যথাসম্ভব তার বিবরণ প্রকাশ করা যেতে পারে। দেশের চারিদিকে যদি লাইব্রেরি প্রতিষ্ঠার উৎসাহ দিতে হয়, তবে সেই লাইব্রেরি-গুলিতে কি কি বই সংগ্রহ করা কর্তব্য সে সম্বন্ধে সাহায্য করা এই প্রতিষ্ঠানেরই কাজ।

চিত্রঃ ১৫ রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ “লাইব্রেরির মুখ্য কর্ত্তব্য”এর কিছু অংশ


শিবসাধন চট্টোপাধ্যায়ের লেখা "পাড়াগাঁয়ের একটি শিক্ষা প্রতিষ্ঠান" নামক প্রবন্ধে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উল্লেখ আছে।



... পাঠাগারের পুস্তক সংগ্রহ সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছে। ইহার মিউজিয়াম ও দুষ্প্রাপ্য পুস্তক, পত্রিকা, ও দলিলপত্র ইহাকে গবেষণা গ্রন্থাগারে পরিণত করিয়াছে। বর্ত্তমানে পাঠাগারের পুস্তক সংখ্যা ৩,৮৫৭, মাসিক পত্রাদির সংখ্যা ৫,৮৬৭ খানি। গত বৎসরে মোট ৬,৭৮৫ খানি পুস্তকাদি পঠনার্থে সভ্যগণের মধ্যে বিতরিত হইয়াছিল। ১৯৩৬ সাল হইতে এই পল্লীর শিক্ষায়তনটি "বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের" অন্তর্ভুক্ত হইয়া আছে। এবং পরিষদের কার্য্যকরী সমিতিতে বর্দ্ধমান জেলার প্রতিষ্ঠান প্রতিনিধি সভ্য নির্ব্বাচিত

চিত্রঃ ১৬ শিবসাধন চট্টোপাধ্যায়ের লেখা "পাড়াগাঁয়ের একটি শিক্ষা প্রতিষ্ঠান" এর কিছু অংশ

শিবদাস চৌধুরীর লেখা "গ্রন্থাগারের সামাজিক দ্বায়িত্ব ও আমাদের পরিকল্পনা" নামক প্রবন্ধে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উল্লেখ আছে। (পৌষ ১৩৬৬)



পৌষ   গ্রন্থাগারের সামাজিক দায়িত্ব ও আমাদের পরিকল্পনা   ৩৫৫


গ্রন্থাগারিক শিক্ষা-কোর্সের জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়কে ১২ হাজার টাকা, বঙ্গীয় গ্রন্থাগার সমিতিকে ২ হাজার টাকা ও হাওড়া জেলা গ্রন্থাগার সমিতিকে দেড় হাজার টাকা সাহায্য করা হয়।"

এই হইল পরিকল্পনার রূপ। এই বাবদে ২য় পঞ্চবার্ষিকী

তুলনায় আমরা অনেক পিছনে পড়িয়া রহিয়াছি। আমাদের দুই পরিকল্পনার ব্যয়ের তুলনামূলক আলোচনা করিলে দেখা যাইবে যে, বেশীর ভাগ অর্থই গৃহ নির্ম্মাণে খরচ হইয়াছে। অথচ গ্রন্থাগারের মূল উপাদান গ্রন্থ ক্রয় সর্ব্বনিম্ন স্থান অধিকার করিয়া রহিয়াছে।

চিত্রঃ ১৭ শিবদাস চৌধুরীর লেখা "গ্রন্থাগারের সামাজিক দ্বায়িত্ব ও আমাদের পরিকল্পনা" এর কিছু অংশ

সতীশচন্দ্র গুহ ঠাকুরের লেখা "গ্রন্থাগার ব্যবস্থায় কলাকৌশল" নামক প্রবন্ধে অল ইন্ডিয়া লাইব্রেরী এসোসিয়েশনের উল্লেখ আছে।   (জ্যৈষ্ঠ ১৩৩৮)



১৮৮ প্রবাসী—জ্যৈষ্ঠ, ১৩৩৮ [৩১শ ভাগ, ১ম খণ্ড

একটা সাধারণ ব্যবস্থা থাকা চাই, বাংলা দেশের জন্য বঙ্গীয়-সাহিত্য-পরিষদ এবং এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল একটা ব্যবস্থা দিতে পারে বটে, কিন্তু ইহাদের ব্যবস্থা ভারতের সর্ব্বত্র, সকল প্রদেশ, মানিয়া লইবে কি না জানি না। অল-ইণ্ডিয়া লাইব্রেরী এসোসিয়েশন নামে যে ভারতীয় গ্রন্থাগার পরিষদের সৃষ্টি হইয়াছে তাহারা অদ্যাপি এবম্বিধ কর্ম্মে হস্তক্ষেপ করে নাই।

কোনো-মাত্র একটি বিষয়ে আবদ্ধ নহে (যথা, অভিধান, সাধারণ সাময়িক পত্র-পত্রিকা) সেগুলিকে স্বতন্ত্র পঞ্চম (অস্পৃশ্য পঞ্চম নহে) বলা যাইতে পারে, ইচ্ছা করিলে এই বর্গগুলিকে সহজেই দশমিক প্রণালী বদ্ধ করা যাইতে পারে। গত কয়েক বৎসর ধরিয়া আমি এ বিষয়ে কিছু কিছু কার্য্য করিতে চেষ্টা করিতেছি। চাতুর্ব্বর্গানুসারে দশমিক বর্গীকরণের যে ঘূর্ণায়মান্ চার্টটি সম্প্রতি গ্রন্থাগার-প্রদর্শনীতে রাখা হইয়াছিল, তাহাই আপনাদিগের

চিত্রঃ ১৮ সতীশচন্দ্র গুহ ঠাকুরের লেখা "গ্রন্থাগার ব্যবস্থায় কলাকৌশল" এর কিছু অংশ


সুতরাং এটা বলা যায় যে, বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের উল্লেখ আছে প্রবাসীর নানা প্রবন্ধে নানা আঙ্গিকে। এটা এক প্রকার সম্পর্কও বটে। সেই কারনে অনুমান-৩ ভ্রান্ত প্রমাণিত।

৬.১৫.৪ অনুমান-৪

'প্রবাসীর রচনা সম্ভারে ডঃ এস. আর. রঙ্গনাথনের কোন উল্লেখ নেই'

ডঃ এস আর রঙ্গনাথন হলেন ভারতের গ্রন্থাগার বিজ্ঞানের জনক। গ্রন্থাগার বিজ্ঞান সংক্রান্ত অনুমান -১ এর সাপেক্ষে রঙ্গনাথনের নাম না থাকাই সহজ অনুমান। কিন্তু গ্রন্থাগার বিষয়ের প্রবন্ধগুলি অনুসন্ধান করে একটি প্রবন্ধে এস আর রঙ্গনাথনের উল্লেখ পাওয়া গেছে।

১৯৩৫ সালে প্রকাশিত প্রবন্ধ "গ্রন্থাগার পরিচালনায় নবপন্থা" লেখক নক্ষত্রলাল সেন (আশ্বিন ১৩৪২) রঙ্গনাথনের নাম উল্লেখ করেছেন।



বই বাহির করা যাইতে পারে। এই প্রথানুসারে পুস্তক-বিভাগ ভারতবর্ষের কোন কোন লাইব্রেরীতে, যথা অনেক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীতে, প্রবর্ত্তিত হইয়াছে। কেহ কেহ নিজের সুবিধার জন্য ইহার কিছু পরিবর্ত্তন করিয়া লইয়াছেন। মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রীযুক্ত এস. আর. রঙ্গনাথন, এম-এ, এল্-টি-এ 'কোলান্ সিষ্টেম' নামে এক অভিনব পন্থা উদ্ভাবন করিয়াছেন। এই পন্থানুযায়ী মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর পুস্তকের বিভাগ করা হইয়াছে। কোলান্ (:)-এর সাহায্যে এই পন্থায় পুস্তক বিভাগ করা হইয়া থাকে।

চিত্রঃ ১৯ নক্ষত্রলাল সেনের প্রবন্ধ "গ্রন্থাগার পরিচালনায় নবপন্থা" এর কিছু অংশ

সুতরাং অনুমান -৪ ভ্রান্ত। এস আর রঙ্গনাথনের নাম একবার হলেও উল্লেখ আছে। যদিও এখানে মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক হিসাবে উল্লেখিত হয়েছেন।

৬.১৫.৫ অনুমান-৫

'প্রবাসীতে বিজ্ঞান বিষয়ক প্রসঙ্গ ও রচনাগুলি অগ্রাধিকার পায় নি'

এখানে প্রবাসীতে প্রকাশিত নানা বিষয়গুলির মধ্যে বিজ্ঞান বিষয়ক রচনার স্থান নির্ণয়ের মাধ্যমেই এই অনুমানের যথার্থতা প্রমাণিত হবে। আলোচ্য গবেষণায় মোট ৪০টি বিষয়কে নির্ধারন করে তাদের অবস্থান নির্ণয় করা হয়েছে। এই বিষয়গুলি হল-

১	অর্থনীতি	১১	জ্যোতিষ বিদ্যা	২১	বাণিজ্য	৩১	রসায়ন
২	ইতিহাস	১২	দর্শন	২২	বিজ্ঞান	৩২	শারীর বিদ্যা
৩	উৎপাদন	১৩	ধর্ম	২৩	বীমা	৩৩	শিক্ষা
৪	উদ্ভিদ বিজ্ঞান	১৪	পৃথিবী	২৪	ব্যাংক	৩৪	শিল্প
৫	কর	১৫	পদার্থ বিদ্যা	২৫	ব্যবসা	৩৫	শিল্পকলা
৬	কৃষিকাজ	১৬	প্রাণী বিজ্ঞান	২৬	ভূগোল	৩৬	সাধারণী
৭	গণিত	১৭	পরিসংখ্যান	২৭	ভাষা	৩৭	সাহিত্য
৮	চিকিৎসা	১৮	প্রযুক্তি	২৮	ভ্রমণ	৩৮	স্বাস্থ্য
৯	জীব বিজ্ঞান	১৯	প্রশাসন	২৯	মহাকাশ বিজ্ঞান	৩৯	সমাজ বিজ্ঞান
১০	জীবনী	২০	বাজেট	৩০	রাষ্ট্র বিজ্ঞান	৪০	সমবায়

সারণী- ১৫৬ মূল উপবিষয়ের বর্ণানুক্রমিক তালিকা

প্রতিটি বিষয়ের সাথে সম্পর্কিত প্রবন্ধ সংখ্যা সহযোগে তালিকাটি রীতিবদ্ধ করে দেখা যায় যে, মানবতাবাদ বিদ্যাসমূহ অগ্রাধিকার পেয়েছে (ক্রম ০১-১৪)। বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ সমূহের অবস্থান হয়েছে বাণিজ্য শাখার আগে। (ক্রম ১৫-১৬; ১৯-২৬; ২৯; ৩৩-৩৬)।

ক্রম	বিষয়াবলী	প্রবন্ধ
১	সমাজ বিজ্ঞান	১৫৬০
২	জীবনী	১১১২
৩	ইতিহাস	৬৭২
৪	সাহিত্য	৬৫০
৫	ভ্রমণ	৫০৮
৬	শিল্পকলা	৪০৬
৭	প্রশাসন	৩৫৬
৮	শিক্ষা	৩৫৬
৯	ধর্ম	৩০১
১০	দর্শন	২৯২
১১	সাধারণী	২৬৭
১২	ভূগোল	২৪০
১৩	ভাষা	২০০
১৪	রাষ্ট্র বিজ্ঞান	১৮৮
১৫	কৃষিকাজ	১৩১
১৬	প্রাণী বিজ্ঞান	১২৮
১৭	অর্থনীতি	১০২
১৮	শিল্প	৮৩
১৯	চিকিৎসা	৮২
২০	প্রযুক্তি	৮১
২১	উদ্ভিদ বিজ্ঞান	৮০
২২	মহাকাশ বিজ্ঞান	৬৯
২৩	পদার্থ বিদ্যা	৫১
২৪	পৃথিবী	৫০
২৫	রসায়ন	৪৪
২৬	বিজ্ঞান	৪০
২৭	ব্যাংক	৩৩
২৮	ব্যবসা	৩৩
২৯	স্বাস্থ্য	৩২
৩০	বাণিজ্য	২৭
৩১	উৎপাদন	২৬
৩২	পরিসংখ্যান	২৪
৩৩	জীব বিজ্ঞান	২২
৩৪	গণিত	১৪
৩৫	শারীর বিদ্যা	১২
৩৬	জ্যোতিষ বিদ্যা	১১
৩৭	সমবায়	১১
৩৮	বাজেট	৯
৩৯	কর	৮
৪০	বীমা	৫

সারণী- ১৫৭ মূল উপবিষয়াবলীর প্রকাশনার ক্রম

সুতরাং এটা বলা যেতে পারে অনুমান -৫ সঠিক। বিজ্ঞান বিষয়ক রচনা মানবতাবাদ বিদ্যা সমূহের পরে স্থান পেয়েছে।

৭. ফলাফল ও সিদ্ধান্ত

৭.১ ফলাফল

গবেষণার কাজের অগ্রগতিতে প্রবাসী সম্পর্কে নানা তথ্য নজর কেড়েছে। প্রাপ্তব্য উপশিরোনামে অনেক খুঁটিনাটি, ছোটখাটো বিষয় সংগৃহীত হয়েছে। নিম্নে সেই সকল বিষয়গুলি দেওয়া হল। এই তথ্যগুলি কালানুক্রমিক ভাবে সজ্জিত আছে।

১৩০৮ এর বৈশাখ মাসের বিবিধ প্রসঙ্গ' শিরোনামের অন্তর্ভুক্ত আলোচনা গুলির কোন নির্দিষ্ট শিরোনাম নেই। কিন্তু ১৩০৮ এর অগ্রহায়ণ- পৌষ সংখ্যায় "বিবিধ প্রসঙ্গ" বিভাগে "বৈজ্ঞানিক" ও "সাহিত্যিক" উপশিরোনাম ব্যবহার করা হয়েছে।

১৩০৯ সালের শ্রাবণ মাসে শুরু হল "বৈজ্ঞানিক প্রসঙ্গ" (পৃঃ ১৫৭)। এই বিভাগে বিজ্ঞান সংক্রান্ত নানা বিষয়ের টীকা শিরোনাম সহযোগে প্রকাশিত।

১৩০৯ এর আশ্বিন মাস থেকে নিয়মিত বিভাগ " বর্ত্তমান সংখ্যার চিত্র"। এটিতে মূলত প্রতি সংখ্যায় মুদ্রিত চিত্র গুলির বর্ণনা করা হয়। ১৩০৯ এর অগ্রহায়ণ থেকে এই বিভাগের নাম হয় "চিত্র"।

১৩০৯ এর কার্ত্তিক মাস থেকে নিয়মিত বিভাগ " সংক্ষিপ্ত গ্রন্থ পরিচয়" এর সুত্রপাত। এখানে গ্রন্থ সমালোচনা মুদ্রিত হয়। ১৩১০ এর আষাঢ় এই বিভাগের নতুন নাম " সংক্ষিপ্ত সমালোচনা" (পৃঃ ৯৯)। ভাদ্র মাসে নামকরন হয় "গ্রন্থ সমালোচন" এবং আশ্বিনে নাম পরিবর্তন হয়ে "গ্রন্থ সমালোচনা" (পৃঃ ২২৭) হয়।

১৩১০ সনের আশ্বিন মাসের একটি প্রবন্ধে শিরোনামের সাথেই লেখকের নাম মুদ্রিত আছে (পৃঃ ২০৯)। সাধারনত যে কোন রচনার শেষেই লেখকের নাম ছাপানোর প্রথা প্রবাসী পত্রিকার ধরণ।

১৩১০ সালের অগ্রহায়ণ মাসে শুরু হয় " সংবাদ ও মন্তব্য" নামক নিয়মিত বিভাগ (পৃঃ ৩৩৬)।

১৩১০ এর ফাল্গুন মাসে শুরু হয় "সাময়িক প্রসঙ্গ" (পৃঃ ৪৯৮)।

১৩১২ সনের ৮ম সংখ্যা অগ্রহায়ণ মাসের লেখা শেষ হয়েছে ৫০০ পৃষ্ঠাতে এবং ৯ম সংখ্যা শুরু হয়েছে পৌষ মাসের লেখা শুরু হয়েছে ৫৫১ পৃষ্ঠা থেকে। এই দুই সংখ্যার মাঝে ৫০ টি পৃষ্ঠা সংখ্যা নেই।

১৩১৩ সনের বৈশাখ মাসের সংখ্যাতে একটি প্রবন্ধে (পৃষ্ঠা ৩৫-৪১) তিন জন লেখকের নাম উল্লেখ আছে।

১৩১৩ সনের ভাদ্র সংখ্যাতে ২৯৪ পৃষ্ঠাতে একটি ইংরেজি ভাষায় রচনা প্রকাশিত হয়েছে। এটি "BHARAT MATA" শিরোনামে প্রকাশিত।

১৩১৩ সনের ফাল্গুন মাসের ৬০৫ নং পৃষ্ঠায় চলমান আখ্যা ভুল ছাপা হয়েছে। সেখানে "স্বামী স্বরূপানন্দ" আখ্যার পরিবর্তে " মুসলমানের গুণ এবং হিন্দুর দোষ" মুদ্রিত হয়েছে।

১৩১৫ সালের জ্যৈষ্ঠ মাসের ৭৯ এবং ৮১ পৃষ্ঠায় চলমান আখ্যা ভুল মুদ্রিত হয়েছে। সেখানে "ভারতে ব্রিটিশ শান্তি" পরিবর্তে "সমসাময়িক ভারত" ছাপা হয়েছে।

১৩১৫ সনের আশ্বিন মাসের সংখ্যার পূর্বে রাজা রামমোহন রায় এর একটি রঙিন চিত্র ছাপা আছে। এটি "প্রবাসী" পত্রিকার প্রথম রঙিন মুদ্রিত চিত্র।

১৩১৬ সনের কার্ত্তিক মাসের "বিবিধ প্রসঙ্গ" বিভাগে সর্ব প্রথম নির্দিষ্ট শিরোনাম মুদ্রিত হয়েছে। এই সংখ্যার পূর্বে বিবিধ প্রসঙ্গে কোন শিরোনাম মুদ্রিত হয় নি।

১৩১৭ সনের জ্যৈষ্ঠ মাসের আলোচনা" শীর্ষকে '*হিন্দুকুমারীদের* গজা *বক্ষে প্রদীপ ভাসান প্রথা* শিরোনাম মুদ্রিত হয়েছে, এটি হিন্দুকুমারীদের **গঙ্গা** বক্ষে প্রদীপ ভাসান প্রথা হবে।

১৩১৭ এর পৌষ সংখ্যায় একশত পৃষ্ঠা সংখ্যা নাই। এখানে **২১০** এর পর **৩১১** সংখ্যা মুদ্রিত আছে। এই মাসে কোনো পৃষ্ঠা সংখ্যাতে **২১১** থেকে **৩১০** অর্থাৎ একশ পৃষ্ঠার সংখ্যা কোথাও নেই।

১৩১৮ এর আষাঢ় সংখ্যা থেকে প্রকাশিত রচনা সমুহের লেখার হরফের পরিবর্তিত হয়েছে।

১৩১৮ এর ফাল্গুন সংখ্যায় 'বিবিধ প্রসঙ্গ' বিভাগে শিরোনাম লক্ষ্য করা গেছে।

১৩১৮ এর চৈত্র সংখ্যায় পৃষ্ঠা সংখ্যা ভুল মুদ্রিত হয়েছে। ওখানে ৬০৫ এর পরিবর্তে ৪০৫ মুদ্রিত।

১৩১৯ এর আষাঢ় মাসের সংখ্যায় প্রথম কোন শিরোনাম ছবির উপর মুদ্রিত। এটির শিরোনাম 'বানরের নরলীলা' পৃষ্ঠা ২৮০।

১৩২০ এর বৈশাখ মাসের সংখ্যায় ৯২পৃষ্ঠা থেকে নতুন বিভাগ "পঞ্চশস্য" শুরু হয়েছে পৃষ্ঠা সংখ্যা ৯২।

১৩২১ এর বৈশাখ সংখ্যা থেকে 'বিবিধ প্রসঙ্গ' বিভাগে চলমান শিরোনামে উপ-আখ্যা মুদ্রিত আছে।

১৩২১ এর জ্যৈষ্ঠ থেকে শুরু হয়েছে 'দেশের কথা' , পৃষ্ঠা সংখ্যা ২৪০।

১৩২১ এর অগ্রহায়ণ থেকে শুরু হয় 'বেতালের বৈঠক' , পৃষ্ঠা সংখ্যা ২৪৬।

১৩২১ এর চৈত্র সংখ্যায় (**১**৪শ ভাগ ২য় খণ্ড ৬ষ্ঠ সংখ্যা) পৃষ্ঠা সংখ্যা ভুল মুদ্রিত হয়েছে। সেখানে ফাল্গুন সংখ্যা শেষ হয়েছে ৭০০ পৃষ্ঠায়। কিন্তু চৈত্র মাসের শুরু হয়েছে ৬০১ পৃষ্ঠা থেকে ৭১০ পর্যন্ত। উল্লেখ্য এই গবেষণায় এই পৃষ্ঠা সংখ্যা পরিবর্তন করে ৭০১ থেকে ৮১০ পৃষ্ঠা সংখ্যা পর্যন্ত করে দেখানো হয়েছে।

১৩২২ এর বৈশাখ থেকে শুরু হয় 'হারামনি', পৃষ্ঠা সংখ্যা ১৫৪।

১৩২৩ এর জ্যৈষ্ঠ সংখ্যার ১৮৭ পৃষ্ঠায় চলমান শিরোনামটি ভুল মুদ্রিত আছে। ওখানে "চোখের আলো" মুদ্রিত হবে "মনের বিষ" এর পরিবর্তে।

১৩২৩ এর চৈত্র সংখ্যার শেষে "প্রবাসী বিজ্ঞাপনী" পরিলক্ষিত হয়েছে।

১৩২৪ ফাল্গুন সংখ্যার পৃষ্ঠা সংখ্যা ৪২৬ এর পর ৩২৭ মুদ্রিত হয়েছে, সেখানে ৪২৭ হবে।

১৩২৮ এর বৈশাখ সংখ্যা থেকে শুরু হয় কিশোরদের জন্য মহিলাদের জন্য 'মহিলা মজলিশ' (৮৫ পৃষ্ঠা) , 'ছেলেদের পাততাড়ি'(১০৮ পৃষ্ঠা) ও দেশ বিদেশের কথা' (১২১ পৃষ্ঠা) নামক বিভাগ।

১৩২৮ এর জ্যৈষ্ঠ থেকে শুরু হয় 'পারাপারের ঢেউ' (২৭৮ পৃষ্ঠা) নামক বিভাগ।

১৩৩১ এর আষাঢ় মাস থেকে ৩১শ ভাগ ১ম খণ্ড ৩য় সংখ্যা প্রবন্ধের শিরোনামের নিচে লেখকের নামের উল্লেখ করা শুরু হয়।

১৩৩২এর জ্যৈষ্ঠ মাসের সংখ্যার 'বিয়ের ফুল' নামক গল্পের মাঝে ২৪ পৃষ্ঠার নানাবিধ সামগ্রীর বিজ্ঞাপন লক্ষ্য করা গেছে (পৃঃ ২০০)।

১৩৩৩ এর আষাঢ় মাসের প্রবন্ধ *"বাংলার নূতন চিত্র কলা সম্বন্ধে কয়েকটি কথা"* শিরোনামে প্রথম 'বাঙলা' শব্দটি **"বাংলা"** মুদ্রিত হয়েছে। পৃষ্ঠাঃ ৪৬৯

১৩৩৪ এর ভাদ্র সংখ্যায় "মহিলা সংবাদ" এর সুচনা। পৃঃ ৭২৯

১৩৩৪ এর আশ্বিন থেকে লেখার হরফের পরিবর্তন দেখা যায়। পৃঃ ৭৭৪

১৩৩৬ এর মাঘ মাসের সংখ্যার ৭৩৬ পৃষ্ঠা থেকে নতুন বিভাগ "ব্যঙ্গ চিত্র" শুরু হয়েছে।

১৩৩৬ এর মাঘ মাসের কষ্ঠিপাথরে (পৃঃ ৫৪৩-৫৪৪) "গ্রন্থাগারের ইতিহাস" শিরোনামে একটি লেখা মুদ্রিত হয়েছে।

১৩৪১ এর শ্রাবণ মাস থেকে সুত্রপাত হয়েছে "বহির্জগৎ" (পৃঃ ৫৯০) নামক নিয়মিত বিভাগ।

১৩৪২ বৈশাখ মাস থেকে সুত্রপাত হয়েছে "চিত্র বিচিত্র" (পৃঃ ১৩২) নামক নিয়মিত বিভাগ।

১৩৫৯ থেকে প্রবাসীর সকল শিরোনামগুলির হরফে পরিবর্তন লক্ষ্যনীয়। এই শিরোনামগুলি বোল্ড এবং ইটালিক ধরন দেখা যায়।

১৩৬১ এর বৈশাখ মাস থেকে সুত্রপাত হয়েছে "বৈদেশিকী" (পৃঃ ১০৮) নামক নিয়মিত বিভাগ।

১৩৬৯ এর আষাঢ় মাস থেকে নিয়মিত বিভাগ "বাংলা ও বাঙালীর কথা"(পৃঃ ৩৬১) র সূচনা হয়েছে। এটি লিখেছেন হেমন্তকুমার চট্টোপাধ্যায়।

পুর্বের প্রকাশনা গুলিতে পৃষ্ঠা প্রতি দুইটি কলাম লক্ষ্য করা গেছে। কিন্তু ১৩৬৯ সালের আশ্বিন মাসের প্রকাশনাতে কোন কলাম লক্ষ্য করা যায় নি।

১৩৬৯ এর পৌষ মাস থেকে নিয়মিত বিভাগ "আর্থিক" (পৃঃ ৩৪৩) চিত্তপ্রিয় মুখোপাধ্যায় মহাশয় দ্বারা বিরচিত।

১৩৭০ এর জ্যৈষ্ঠ মাসে ১৩৭ পৃষ্ঠা থেকে নিয়মিত বিভাগ " সাময়িক প্রসঙ্গ" করুণা কুমার নন্দী কর্তৃক লিখিত ও সংকলিত।

অগ্রহায়ণ, ১৩৭১ এর সংখ্যায় নিয়মিত বিভাগ "বিদেশের কথা" (পৃঃ ২২৪) লেখকঃ যোগনাথ মুখোপাধ্যায়। এই বিভাগে মুলত বিদেশের সামাজিক অবস্থা, প্রশাসনিক অবস্থার কথা উল্লেখিত হয়েছে।

১৩৭২ এর বৈশাখ থেকে দুটি নিয়মিত বিভাগের অবতারণা হয়েছে। এগুলি “বিশ্ব সাহিত্য” (পৃঃ ১০০) এবং “এরাও মানুষ ছিল” (পৃঃ ১১১)।

১৩৭২ এর বৈশাখ থেকে প্রতিটি শিরোনামের শীর্ষকে নির্দিষ্ট বিষয় রূপের উল্লেখ পরিলক্ষিত হয়েছে।

১৩৭৩ এর বৈশাখ মাসে নিয়মিত বিভাগ মহিলা মঙ্গল (পৃঃ ১০৪)।

১৩৭৩ এর বৈশাখ মাসে নিয়মিত বিভাগ কিশোর বৈঠক (পৃঃ ১১৯)।

১৩৭৩ এর আষাঢ় এ নিয়মিত বিভাগ “ বিজ্ঞান বৈচিত্র্য” (পৃঃ ৩৫৯)।

১৩৮২ এর আষাঢ় মাস থেকে শুরু হয়েছে বিশ্ব সংবাদ নামক নিয়মিত বিভাগ (পৃঃ ৪৬১)।

১৩৮৪ এর কার্ত্তিক মাস থেকে লেখন ফন্টের আমূল পরিবর্ত্তন দেখা যায়। (পৃঃ ৩৮৫)।

তথ্য বিশ্লেষণের পরে যে সকল তথ্য পাওয়া গেছে সেই সকল তথ্যই ফলাফল অংশে উপস্থাপিত করা হয়েছে। এই ফলাফল উপস্থাপনার ক্ষেত্রে বিষয় বিশ্লেষণ ছাড়া অন্যান্য বিশ্লেষণ প্রথমে দেওয়া হয়েছে এবং শেষে বিষয় বিশ্লেষণ এর ফলাফল উপস্থাপনা করা হয়েছে। এক্ষেত্রে প্রথমে বানিজ্য শাখা, তারপরে বিজ্ঞান শাখা এবং শেষে মানবতাবাদবিদ্যা সমূহের ফলাফল দেখানো হয়েছে। অন্তিম পর্বে সকল বিষয়াবলীর বিশ্লেষণ করা হয়েছে এবং অনুমান সমূহের বিচার করা হয়েছে।

১। সর্বমোট প্রবন্ধের সংখ্যা **৮৩৭৬টি (আট হাজার তিনশত ছিয়াত্তর)।**
২। বানিজ্য শাখার বিষয়াবলী সংক্রান্ত প্রবন্ধের সংখ্যা ৩৬১।
৩। বিজ্ঞান শাখার বিষয়াবলী সংক্রান্ত প্রবন্ধের সংখ্যা ৮৪৭।
৪। মানবতাবাদ বিদ্যাসমূহের বিষয়াবলী সংক্রান্ত প্রবন্ধের সংখ্যা ৭১৬৮।
৫। এই গবেষণায় বানিজ্য শাখার নির্ধারিত উপবিষয়াবলীর সংখ্যা ১১টি।
৬। এই গবেষণায় বিজ্ঞান শাখার নির্ধারিত উপবিষয়াবলীর সংখ্যা ১৫টি।
৭। এই গবেষণায় মানবতাবাদ বিদ্যাসমূহের নির্ধারিত উপবিষয়াবলীর সংখ্যা ১৪টি।
৮। ১৩৫৯ সনে সর্বাধিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। প্রবন্ধে সংখ্যা ১৮৯ টি।
৯। প্রবাসীতে প্রাপ্ত প্রবন্ধের ৯৫.৭৭% এর দায়িত্বে আছেন লেখকবৃন্দ। কিন্তু ৪.২৩% প্রবন্ধের জন্য কোন লেখকের নাম পাওয়া যায় নি।
১০। ১৩৫৯ সনে সর্বাধিক লেখক-নাম যুক্ত প্রবন্ধ শনাক্ত হয়েছে (১৮৭টি)।
১১। ১৩১২ সনে সর্বাধিক লেখক-নাম বিহীন প্রবন্ধ শনাক্ত হয়েছে (৩০টি)।
১২। প্রবাসীর পুর্ণ প্রবন্ধে মোট ১৯৩৬জন লেখক তথা প্রবন্ধাকারকে চিহ্নিত করা গেছে।
১৩। লেখকগণের মধ্যে দেবেন্দ্রনাথ মিত্র প্রধান প্রবন্ধাকার রূপে চিহ্নিত হয়েছেন। দেবেন্দ্রনাথ মিত্রের নাম পাওয়া গেছে ১২৪ বার।
১৪। ছদ্মনাম ব্যতীত প্রকৃত নামের লেখক সংখ্যা ১৮৬৮জন।
১৫। লেখকগণের মধ্যে পুরুষ লেখকের সংখ্যা ১৬৮৭জন এবং মহিলা লেখকের মোট সংখ্যা ১৮১ জন।
১৬। মহিলা লেখিকাদের মধ্যে শান্তি দেবী ছিলেন প্রধান লেখিকা। লেখিকার নাম পাওয়া গেছে ৬৯ বার।
১৭। মুসলমান লেখকের সংখ্যা ৫০ জন।
১৮। মুসলমান লেখক জুলফিকারের নাম ১৭ বার বিভিন্ন প্রবন্ধে পাওয়া গেছে।
১৯। মোট ১১জন বিদেশী লেখকের নাম পাওয়া গেছে।
২০। প্রবাসীর দীর্ঘ বছরের মধ্যে ১১৩টি প্রকাশনার লিখিত হয়েছে ৬৮জন ছদ্মনাম দ্বারা।
২১। সর্বাধিক ব্যবহৃত ছদ্মনামটি হল ”শ্রীঃ“। এই ছদ্মনামটি পাওয়া গেছে ১৫ বার।
২২। ১৩৫৫ সালে অর্থনীতি বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৬টি)।

২৩। ১৩০৮ থেকে ১৩৮১ সাল পর্যন্ত অর্থনীতি সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৪৯ বছরে ১০২টি)।

২৪। ১৩৫৩ সালে উৎপাদন বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি)।

২৫। ১৩০৮ থেকে ১৩৬৫ সাল পর্যন্ত উৎপাদন সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২২ বছরে ২৬টি)।

২৬। ১৩২৮ থেকে ১৩৭৬ সাল পর্যন্ত কর সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৮ বছরে ০৮টি)।

২৭। ১৩৩০, ১৩৪৭, ১৩৪৮, ১৩৬০ এবং ১৩৬১ সালে পরিসংখ্যান বিষয়ে প্রকাশনা পাওয়া গেছে (০২টি করে)।

২৮। ১৩১০ থেকে ১৩৬৪ সাল পর্যন্ত পরিসংখ্যান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (১৯ বছরে ২৪টি)।

২৯। ১৩৬৭ সালে বাজেট বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০২টি)।

৩০। ১৩৩৪ থেকে ১৩৬৭ সাল পর্যন্ত বাজেট সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (০৮ বছরে ০৯টি)।

৩১। ১৩৩১ সালে বাণিজ্য বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৪টি)।

৩২। ১৩১১ থেকে ১৩৭৯ সাল পর্যন্ত বাণিজ্য সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (১৮ বছরে ২৭টি)।

৩৩। ১৩২০ থেকে ১৩৬৬ সাল পর্যন্ত বীমা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (০৫ বছরে ০৫টি)।

৩৪। ১৩৬১ সালে ব্যাংক বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৫টি)।

৩৫। ১৩৩২ থেকে ১৩৮২ সাল পর্যন্ত ব্যাংক সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২২ বছরে ৩৩টি)।

৩৬। ১৩৪৫ সালে ব্যবসা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৬টি)।

৩৭। ১৩১৪ থেকে ১৩৬৫ সাল পর্যন্ত ব্যবসা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২২ বছরে ৩৩টি)।

৩৮। ১৩৩৪ সালে শিল্প বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৭টি)।

৩৯। ১৩০৯ থেকে ১৩৬৮ সাল পর্যন্ত শিল্প সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৪২ বছরে ৮৩টি)।

৪০। ১৩৩৬ সালে সমবায় বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি)।

৪১। ১৩৩২ থেকে ১৩৬৬ সাল পর্যন্ত সমবায় সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (০৮ বছরে ১১টি)।

৪২। ১৩১৩ সালে উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১২টি)।

৪৩। ১৩০৮ থেকে ১৩৭৬ সাল পর্যন্ত উদ্ভিদ বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৩৬বছরে ৮০টি)।

৪৪। ১৩২৪ সালে কৃষি কাজ বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৯টি)।

৪৫। ১৩১২ থেকে ১৩৮০ সাল পর্যন্ত কৃষি কাজ সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৫০বছরে ১৩১টি)।

৪৬। ১৩২৮ সালে গণিত বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি)।

৪৭। ১৩১২ থেকে ১৩৭৫ সাল পর্যন্ত গণিত সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (১০বছরে ১৪টি)।

৪৮। ১৩৪২ সালে গণিত বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৫টি)।

৪৯। ১৩০৮ থেকে ১৩৮৩ সাল পর্যন্ত গণিত সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৪৬বছরে ৮২টি)।

৫০। ১৩০৮, ১৩১৩, ১৩১৯, ১৩৪৭, ১৩৪৯, ১৩৫৩, ১৩৬৩ ও ১৩৬৫ সালে জীব বিদ্যা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০২টি করে)।

৫১। ১৩০৮ থেকে ১৩৬৫ সাল পর্যন্ত জীব বিদ্যা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (১৪বছরে ২২টি)।

৫২। ১৩১৭ সালে জ্যোতিষ বিদ্যা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি)।

৫৩। ১৩১০ থেকে ১৩৬৪ সাল পর্যন্ত জ্যোতিষ বিদ্যা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (০৮বছরে ১১টি)।

৫৪। ১৩৩১ সালে পৃথিবী বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৪টি)।

৫৫। ১৩১১ থেকে ১৩৮০ সাল পর্যন্ত পৃথিবী সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৩৬বছরে ৫০টি)।

৫৬। ১৩১৫ ও ১৩৫১ সালে পদার্থ বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি করে)।

৫৭। ১৩১১ থেকে ১৩৮০ সাল পর্যন্ত পদার্থ বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৩৫বছরে ৫১টি)।

৫৮। ১৩৪৬ ও ১৩৪৯ সালে প্রাণী বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১০টি)।

৫৯। ১৩০৮ থেকে ১৩৭৭ সাল পর্যন্ত প্রাণী বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৪২বছরে ১২৮টি)।

৬০। ১৩১৮ সালে প্রযুক্তি বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৬টি)।

৬১। ১৩০৮ থেকে ১৩৭৪ সাল পর্যন্ত প্রযুক্তি সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৪৩বছরে ৮১টি)।

৬২। ১৩৪৬ সালে বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৪টি)।
৬৩। ১৩১১ থেকে ১৩৭৪ সাল পর্যন্ত বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২৮বছরে ৪০টি)।
৬৪। ১৩১৪, ১৩১৬, ১৩১৮ ও ১৩৬০ সালে মহাকাশ বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৪টি করে)।
৬৫। ১৩০৮ থেকে ১৩৮০ সাল পর্যন্ত মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৩৯বছরে ৬৯টি)।
৬৬। ১৩১৭ সালে রসায়ন বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৬টি)।
৬৭। ১৩০৯ থেকে ১৩৭০ সাল পর্যন্ত রসায়ন সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২৬বছরে ৪৪টি)।
৬৮। ১৩১৫, ১৩২০ ও ১৩২৯ সালে শারীর বিদ্যা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৬২টি করে)।
৬৯। ১৩১২ থেকে ১৩৬০ সাল পর্যন্ত শারীর বিদ্যা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (০৯বছরে ১২টি)।
৭০। ১৩১৮ সালে স্বাস্থ্য বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (০৩টি)।
৭১। ১৩১২ থেকে ১৩৭৬ সাল পর্যন্ত স্বাস্থ্য সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (২৬বছরে ৩২টি)।
৭২। ১৩১৯ সালে ইতিহাস বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (২৭টি)।
৭৩। ১৩০৮ থেকে ১৩৮৩ সাল পর্যন্ত ইতিহাস সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭৩বছরে ৬৭২টি)।
৭৪। ১৩৭৩ সালে জীবনী বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (৩৬টি)।
৭৫। ১৩০৯ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত জীবনী সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭৪বছরে ১১১২টি)।
৭৬। ১৩৬৪ সালে দর্শন বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৫টি)।
৭৭। ১৩০৯ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত দর্শন সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭০বছরে ২৯২টি)।
৭৮। ১৩২০ সালে ধর্ম বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৬টি)।
৭৯। ১৩০৮ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত ধর্ম সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭১বছরে ৩৩১টি)।
৮০। ১৩৫৯ সালে প্রশাসন বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (২১টি)।
৮১। ১৩০৯ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত প্রশাসন সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭০বছরে ৩৫৬টি)।
৮২। ১৩৪৭ সালে ভূগোল বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৪টি)।
৮৩। ১৩০৮ থেকে ১৩৭৯ সাল পর্যন্ত ভূগোল সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭০বছরে ২৪০টি)।
৮৪। ১৩১৮ সালে ভাষা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১২টি)।
৮৫। ১৩০৮ থেকে ১৩৮০ সাল পর্যন্ত ভাষা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৬৩বছরে ২০০টি)।
৮৬। ১৩৬৪ সালে ভ্রমণ বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (২৩টি)।
৮৭। ১৩০৮ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত ভ্রমণ সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭১বছরে ৫৩৮টি)।
৮৮। ১৩১৯ ও ১৩৫৪ সালে রাষ্ট্র বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১২টি করে)।
৮৯। ১৩০৮ থেকে ১৩৮৩ সাল পর্যন্ত রাষ্ট্র বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৬৫বছরে ১৮৮টি)।
৯০। ১৩৫৯ সালে শিক্ষা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৫টি)।
৯১। ১৩০৮ থেকে ১৩৮১ সাল পর্যন্ত শিক্ষা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৬৯বছরে ৩৫৬টি)।
৯২। ১৩৬৫ সালে শিল্পকলা বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৭টি)।
৯৩। ১৩০৮ থেকে ১৩৮৩ সাল পর্যন্ত শিল্পকলা সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭১বছরে ৪০৬টি)।
৯৪। ১৩৩০ সালে সাধারণী বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১২টি)।
৯৫। ১৩০৮ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত সাধারণী সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭০বছরে ২৬৭টি)।
৯৬। ১৩৬৮ সালে সাহিত্য বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (১৯টি)।
৯৭। ১৩০৮ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত সাহিত্য সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭৬বছরে ৬৫০টি)।
৯৮। ১৩৬২ সালে সমাজ বিজ্ঞান বিষয়ে সর্বাধিক প্রকাশনা পাওয়া গেছে (৪৯টি)।
৯৯। ১৩০৮ থেকে ১৩৮৪ সাল পর্যন্ত সমাজ বিজ্ঞান সম্পর্কিত প্রবন্ধ পাওয়া গেছে (৭৭বছরে ১৫৬০টি)।
১০০। বাণিজ্য শাখার বিষয় সমূহ সর্বাধিক পাওয়া গেছে ১৩৬১ সালে। সবচেয়ে বেশী সংখ্যক বাণিজ্যিক বিষয়ক প্রবন্ধ পাওয়া গেছে ১৩৩০ থেকে ১৩৬৭ সালের মধ্যে।

১০১। ১৩১৫, ১৩১৫, ১৩১৭, ১৩১৮, ১৩৪৬ এবং ১৩৪৯ সালে বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ সর্বাধিক পাওয়া গেছে। ১৩০৮ থেকে ১৩৬৫ সালের মধ্যে বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ বেশী সংখ্যায় পাওয়া গেছে।

১০২। ১৩১৯, ১৩৫৯ এবং ১৩৬৪ সালে মানবতাবাদ বিদ্যা সমূহ প্রবন্ধ সর্বাধিক পাওয়া গেছে। ১৩১৮ থেকে ১৩৭৩ সালের মধ্যে মানবতাবাদ বিদ্যা সমূহ প্রবন্ধ পাওয়া গেছে।

১০৩। প্রবাসীর প্রকাশনার ধারা ক্রমশঃ উন্নত হয়েছে। তবে সেটি খুব ধীর গতিতে।

১০৪। ভারতের স্বাধীনতার (১৯৪৭) পূর্বে ও পরবর্তী কালে (১৩৫২-১৩৬২ বঙ্গাব্দ) প্রবাসীর প্রকাশনার সংখ্যা সর্বাধিক ছিল। এক্ষেত্রে অর্থনীতি, কর, পরিসংখ্যান, ব্যাংক, প্রশাসন, ভুগোল, ভ্রমণ, রাষ্ট্রবিজ্ঞান, শিক্ষা, সমাজ বিজ্ঞান , কৃষি কাজ, পদার্থ বিজ্ঞান ও রসায়ন সংক্রান্ত প্রবন্ধের প্রকাশনা লক্ষ্যনীয়।

৭.২. সিদ্ধান্ত

আলোচ্য গবেষণার মূল বিষয় হল ‘প্রবাসী’ পত্রিকার বিষয় বিশ্লেষণ। এখানে মূলত প্রবন্ধ সমূহের বিশ্লেষণ করা হয়েছে জ্ঞানরাজ্যের তিনটি মূল বিষয় শাখার ভিত্তিতে।যথা মানবতাবাদবিদ্যা, বাণিজ্য শাখা ও বিজ্ঞান শাখা। পরিসংখ্যানগত ভাবে প্রবাসী একটি সাময়িক মানবতাবাদবিদ্যা সংক্রান্ত পত্রিকা – এটি বলা যেতে পারে। এখানে মানবতাবাদের প্রায় সকল বিষয়ের প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এই উপবিষয়গুলি হল- অধিভৌতিক; অনুবাদ; অপরাধ; অভিযান; অভিধান; অভিনয়; অভ্যাস; অলংকার; অস্ত্র ; অসহযোগ আন্দোলন; আইন-কানুন; আত্ম কথা; আত্ম জীবনী; আদালত; আন্দোলন; আফিম সেবন; আশ্রম; ইতিহাস; ইতিহাস চর্চা; ইতিহাস-প্রাচীন; ইতিহাস-প্রাচীন ভারত; ইতিহাস-বাংলা; ইতিহাস-মধ্যযুগ; ইসলামধর্ম; উচ্চ শিক্ষা; উৎসব; উপনিবেশ'; কংগ্রেস; কাগজ; ; কারাগার; ; খাদ্য; খাদ্য; খেলাধুলা; ; খৃষ্ট ধর্ম; গণতন্ত্র; গবেষণা; গ্রাম; গ্রাম উন্নয়ন; গ্রন্থাগার; গ্রন্থপঞ্জী; চিত্রকলা; চিড়িয়াখানা; চৈতন্যদেব; চলচ্চিত্র; ছাত্র; জাতি; জাতিভেদ; জাতীয়তাবাদ; জীবনী; জেলখানা; জৈন ধর্ম; জমিদার; জলদস্যু; যাত্রা; যাদুঘর; যৌন শিক্ষা; যুদ্ধ; যুদ্ধাস্ত্র; ঠগি; দান ধ্যান; দেবতা দেশপ্রেম; দণ্ডনীতি; দুর্ঘটনা; দুর্ভিক্ষ; দর্শন; ধর্ম; ধর্মমত; নগরায়ন; নাটক; নাট্য শাস্ত্র; নাবিক; নারী সমাজ; নিকাশি ব্যবস্থা; নির্বাচন; নৃত্য কলা; নৃতত্ত্ব; নন্দন তত্ত্ব; নবজাগরণ; পৌরসভা; পঞ্জিকা; প্যাগোডা; পুরাণ; পুরাতত্ত্ব;পরিচ্ছদ; পরিভাষা; প্রজাতন্ত্র; প্রতিযোগিতা; প্রতিবন্ধী; প্রত্নশালা; প্রদর্শনী; পররাষ্ট্র নীতি; প্রশাসন; পুরস্কার; পুস্তক; বঙ্গভঙ্গ; বাঁধ; বিচার; বিজ্ঞাপন; বিদ্যালয়; বিধবা বিবাহ; বিনোদন; বিপ্লব; বিবাহ; বেদ; বৈদেশিক সম্পর্ক; বৈষ্ণব ধর্ম; বৌদ্ধ ধর্ম; বৌদ্ধ স্থাপত্য; ব্যাকরণ; বৃত্তি শিক্ষা; বুদ্ধদেব; ব্রাহ্ম সমাজ; বর্ণাশ্রম; বর্ণভেদ; ব্রতচারী; ভক্তি বাদ; ভুগোল; ভাষা; ভাষা তত্ত্ব; ভাস্কর্য; ভুত ; ভ্রমণ; মনোবিদ্যা; মন্দির; মহাভারত; রাজ নীতি; রাজনৈতিক সম্পর্ক; রামায়ণ; রাষ্ট্রনীতি; লিপি;লেখক; লোক সংস্কৃতি; লোককথা; লোকাচার; লটারি খেলা; শাস্ত্র; শিকার; শিক্ষক; শিক্ষা; শিখধর্ম; শিলালিপি; শিল্পকলা; শিশু পালন; শরীর চর্চা; সংঙ্গীত; সংবাদপত্র; সংবিধান; সংস্কার; সঙ্গীত; সাধারণী; সামাজিক অবস্থা; সাহিত্য; সতীদাহ; স্থাপত্য; সুফীবাদ; স্বাধীনতা; স্বদেশী আন্দোলন; স্বদেশীকতা; সভা সমিতি; সমাজ জীবন; সমাজ তত্ত্ব; সমাজ বিজ্ঞান; হিন্দু শাস্ত্র ইত্যাদি।

এছাড়াও বাণিজ্য শাখার নানা উপবিষয়াবলী যথা- অর্থ নীতি; অলংকার; আদমশুমারি; উৎপাদন; কারখানা; কোম্পানী; কর; জীবিকা ব্যবসা; দাম; ধন বিজ্ঞান; পরিসংখ্যান; বাজেট; বাণিজ্য; বীমা; ব্যাংক; ব্যবসা; বস্ত্র শিল্প; ; মুদ্রা; মূল্যবৃদ্ধি; শিল্প; শ্রম অর্থনীতি; শ্রম শিল্প; সমবায়; হরতাল ইত্যাদি সম্পর্কে প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

বিজ্ঞান শাখার নানাবিধ বিষয়ের মধ্যে আছে- আখ; আবিষ্কার; আবহাওয়া;'আলো বিজ্ঞান; উদ্ভিদ বিজ্ঞান; কচুরিপানা; কফি; কৃষি কাজ; খেজুর; খনিজ; গণিত; গ্রহ; চাষ ব্যবস্থা; চিকিৎসা; চীনাবাদাম; চন্দ্র; ছত্রাক; জাদু; জাহাজ; জীব বিদ্যা; জ্যোতির্বিজ্ঞান; জ্যোতিষ বিদ্যা; জলবায়ু; ঝড়; যানবাহন; টেলিভিশন 'যোগাযোগ;ডাকঘর; তুলা চাষ; তড়িৎ বিজ্ঞান; ধান; ধূমকেতু; নারিকেল; নির্মান; পাখি; পাট চাষ; পালন; পতঙ্গ; ; পৃথিবী; পদার্থ বিজ্ঞান; প্রকৃতি; প্রাকৃতিক বিপর্যয়; প্রাণী বিজ্ঞান;পরিবেশ বিদ্যা ;পরিমাণ ;প্রযুক্তি; পরমানু; ফটোগ্রাফি ; ফল ;বায়ুমণ্ডল; বায়স্কোপ; বায়স্কোপ; বিজ্ঞান; বিদ্যুৎ; বিমান; বেতার; বোমা; ব্যাঙ; ব্যায়াম; বুদ্ধি; বন্যা; ভেষজ; ভূমিকম্প; মাছ; মহাকাশ বিজ্ঞান; রাস্তা ঘাট; রেলপথ; রসায়ন; লাক্ষা; শাক সবজি ; শারীর বিদ্যা; শব ব্যবচ্ছেদ; সাপ; সেচ ; সেতু; সৌর বিজ্ঞান; স্নায়ুতন্ত্র; স্বাস্থ্য; হ্রদ ইত্যাদি সংক্রান্ত প্রবন্ধ।

উপরিউল্লেখিত বিষয়রাজির প্রবন্ধের আলোয় জ্ঞানরাজ্যের সকল ক্ষেত্র আলোকিত হয়েছে। সমাজ বিজ্ঞান তথা জ্ঞানরাজ্যের যেকোনো বিষয়ের গবেষণার জন্য 'প্রবাসী'র প্রবন্ধাবলী বিশেষ সহায়ক। গবেষকদের কাছে প্রবাসী একটি যথার্থ তথ্য উৎস হিসাবে স্বীকৃত।

সমাজ জীবনে পত্রিকার ভুমিকা নিয়ে কোন সংশয় নেই। তৎকালীন সময়ের সমাজের সর্বক্ষেত্রের পরিচয় পাওয়া যায় পত্রিকার নানা নিবন্ধে। প্রবাসী পত্রিকার দীর্ঘ ৭৭ বছরের প্রকাশনায় সমাজের নানা ক্ষেত্রের বিবিধ বিষয়ের প্রবন্ধ পরিলক্ষিত হয়েছে। স্বাধীনতার পূর্বে ও পরবর্তীকালের নানা বিষয়ের আঙ্গিক পরিলক্ষিত হয়েছে প্রবাসী পত্রিকার প্রতি পাতায়।

আট দশকের বেশী সময়ে 'প্রবাসী' বাংলা পত্রিকা প্রকাশনা জগতে বিদ্যমান ছিল। সবটাই হয়তো পূর্ণ গৌরবের ছিল না। সময়ের সঙ্গে সঙ্গে পাঠক সংখ্যার পরিবর্তন হয়েছে। কিন্তু একথাও সত্যি যে নিজের চারিত্রিক বৈশিষ্ট্যেই এই পত্রিকা নিজস্ব পাঠক-গোষ্ঠী তৈরি করে নিতে পেরেছিল, যাদের আনুকূল্য থেকে কখনও বঞ্চিত হয় নি। লেখকের দিক থেকেও রামানন্দ এই সহায়তা পেয়েছিলেন আমৃত্যু। সমসাময়িক কালে এমন কোন লেখক ছিলেন না, যিনি এই পত্রিকার সংস্পর্শে আসেন নি।

'প্রবাসী' পত্রিকার দীর্ঘ কালপরিসরে সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায়ের ভূমিকাই ছিল প্রধান। একটি পত্রিকার চরিত্রে তার সম্পাদকের সামাজিক চিন্তন, সাহিত্যের আদর্শ, শিল্প সাহিত্যে রুচি এবং নির্বাচনেরই থাকে প্রধান ভূমিকা। 'প্রবাসী' ক্ষেত্রেও তার ব্যতিক্রম হয় নি। প্রবাসী পত্রিকায় মহিলা লেখকদের লেখার দিকে তাকালেও তা বোঝা যায়। প্রথমত, লেখক হিসাবে মহিলাদের তিনি পুরুষদের সমান মর্যাদাই দিতেন। দ্বিতীয়ত, মহিলা সাহিত্যিকের লেখায় লেখকের যে নিজস্বতা ফুটে উঠবে, তার মধ্যের তিনি নিজের মত চাপিয়ে দিতেন না। এই কারণেই 'প্রবাসী' পত্রিকায় বহু মহিলা লেখকের লেখা প্রকাশিত হয়েছে। রামানন্দ চট্টোপাধ্যায় এই সমস্ত লেখিকার লেখা 'প্রবাসী' পত্রিকায় নিয়মিত করে বাংলা সাহিত্যে এক স্বতন্ত্র চিন্তা চেতনাকে স্বাগত জানিয়েছেন, তাতে সন্দেহ নেই।

নারী, পুরুষ, জাতি, ধর্ম নির্বিশেষে লেখকগণ নানা বিষয়ের অবতারণা করেছেন নানা প্রবন্ধে। তবে বিজ্ঞান অপেক্ষা সাহিত্য সংক্রান্ত প্রবন্ধে মহিলা লেখিকাদের আধিক্য পরিলক্ষিত হয়েছে। লেখকদের মধ্যে ছদ্মনামের ব্যবহারও উল্লেখযোগ্য। এখান থেকে সহজেই বোঝা যায় এই কোন সাম্প্রদায়িক বা জাতি বা ধর্ম ভিত্তিক পত্রিকা নয়।

গ্রন্থাগার বিজ্ঞান সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে ‘প্রবাসী’ যথেষ্ট সচেতন ছিল এই কথা অস্বীকার করা যায় না। গ্রন্থাগার আন্দোলন অপেক্ষা গ্রন্থাগার পরিকল্পনা ও পরিচালনার উপর জোর দেওয়া হয়েছে। তৎকালীন সময়ে গ্রন্থাগার বিজ্ঞান একটি নতুন বিষয় হয়েও যে প্রবাসীতে স্থান পেয়েছে, সেটা উল্লেখযোগ্য। নতুনকে স্বাগত জানিয়েছিল প্রবাসী।

প্রবাসীর সামগ্রিক প্রবন্ধের বিষয় ভিত্তিক বিশ্লেষণ করে এটা সহজেই বলা যায় যে, ‘প্রবাসী’ ছিল মূলত একটি মানবতাবাদ বিষয় ভিত্তিক পত্রিকা। তবে সমকালীন অনেক বিজ্ঞান ও বাণিজ্য বিষয়াবলীর নানা প্রবন্ধের পরিচয় পাওয়া যায়। এই কারনে প্রবাসীকে মিশ্রবিষয় সমন্বিত পত্রিকাও বলা চলে। সমকালীন সমাজের শিক্ষা, বিজ্ঞান, প্রশাসন, সমাজ জীবন, ধর্ম, বাণিজ্য ইত্যাদি সকল ক্ষেত্রের মিশ্র প্রকাশনা হল “প্রবাসী’ পত্রিকা।

৮. তথ্যসূত্র

৮.১ গ্রন্থপঞ্জী

- গোস্বামী, পরিমল। (১৩৮১)। প্রবাসীর আড্ডা। দেশঃ সাহিত্য সংখ্যা। কলিকাতাঃ
- ঘোষ, অমলেন্দু। (১৩৮০)। সাহিত্য পরিষৎ গ্রন্থাগারের উনিশ শতকের বাংলা সাময়িকপত্র। গ্রন্থাগার ২৩ (৮-১০)। ৭৫-৮২
- চট্টোপাধ্যায়, গীতা। (১৯৯০)। বাংলা সাময়িক পত্রিকা পঞ্জীঃ ১৯০০-১৯১৪। কলকাতাঃ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ
- চট্টোপাধ্যায়, গীতা ও মিত্র, প্রীতি। (২০০৪) প্রবাসী সম্মিলিত সূচি (১৩০৮-১৩৩৩বঙ্গাব্দ)। সম্পাদক বিমলচন্দ্র চট্টোপাধ্যায়; পরিবেশকঃ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ, কলকাতাঃ গীতা চট্টোপাধ্যায় ও প্রীতি মিত্র
- দাস, অসিতাভ। (২০০১)। গ্রন্থগার পত্রিকার সম্মিলিত সূচিঃ ১৩৫৮-১৪০৭। কলকাতাঃ বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ
- দাসসামন্ত, মঞ্জুশ্রী. প্রবাসী ও রবীন্দ্রনাথ কলিকাতাঃ গণশক্তি প্রিন্টার্স
- দেবী, সীতা। (১৯৬৪)। পুণ্যস্মৃতি। কলিকাতাঃ মৈত্র
- বন্দ্যোপাধ্যায়, ব্রজেন্দ্রনাথ। (১৯৫২)। বাংলা সাময়িক পত্রঃ ভলিউম ২। কলিকাতা
- বসু, শঙ্করীপ্রসাদ সম্পা। (২০০৯)। প্রবাসী ইতিহাসের ধারাঃ বিবিধ প্রসঙ্গ ও সংশ্লিষ্ট রচনা সংকলন। কলিকাতা, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি
- বসু, স্বপন ও মুন্তাসির মামুন সম্পাদিত। (২০০৫)। দুই শতকের বাংলা সংবাদ সাময়িক পত্র। কলকাতাঃ পুস্তক বিপণি
- বসু, সোমেন্দ্রনাথ। (১৯৭৬)। সাময়িকপত্রে রবীন্দ্র প্রসঙ্গ প্রবাসী (১৩০৮-১৩৪৮ আষাঢ়)। কলিকাতাঃ টেগোর রিসার্চ ইন্সটিটিউট
- মুখোপাধ্যায়, যোগনাথ। (১৯৯৯)। বঙ্গ অভিধান।
- মুখোপাধ্যায়, সুবোধ কুমার। (১৩৬৩)। গ্রন্থপঞ্জীর ভূমিকা , গ্রন্থাগার ৬(১১)। ২৫৯-২৬৫
- মজুমদার, উজ্জ্বল কুমার। (১৯৯৭)। প্রবাসী নির্বাচিত গল্প সংকলন, বাসুদেব মসেল সম্পাদিত. কলকাতাঃ অন্নপুর্ণা

- মহাপাত্র, পীযুষ কান্তি, চক্রবর্তী, শতদ্রু শোভন ও চক্রবর্তী, ভুবনেশ্বর। (১৯৯৮)। গ্রন্থবিদ্যাঃ ঐতিহ্য ও উত্তরাধিকার। কলিকাতাঃ ওয়ার্ল্ড প্রেস,
- রায়চৌধুরী, সমীর। (১৯৯৭)। প্রবাসী ভারতীয় বিপ্লবী ও রবীন্দ্রনাথ। কলিকাতাঃ সাহিত্যায়ন
- লাহা, প্রবীর কুমার। (২০০৭)। সাময়িকপত্র 'প্রবাসী'তে সুভাষচন্দ্র, গান্ধীজী, জওহরলাল. কলিকাতাঃ গ্রন্থমিত্র
- লাহা, প্রবীরকুমার। (২০০৬)। ভারতের স্বাধীনতা সংগ্রাম ও 'প্রবাসী' পত্রিকা (১৯৩০-১৯৪২ খ্রিষ্টাব্দ/ ১৩৩৭-১৩৪৯ বঙ্গাব্দ)। কলিকাতাঃ একুশ শতক
- সাময়িক পত্রিকার প্রবন্ধের সূচি ও চুম্বক প্রস্তুতকরণ গ্রন্থাগার ২০ (৩) ১৩৭৭ ৮৪-৮৬
- সিরাজুল ইসলাম সম্পাদিত, (২০০৩)। বাংলাপিডিয়াঃ বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ খণ্ডঃ ৬, ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ০৭
- Basu, Hena. (2009). Periodical in Bengal : 1856-1983
- Ghosh, Amitabha. Illustrations, covers and advertise-ments from *Prabasi*, 1910-16.
- Hulme, E. W. (1923). Statistical bibliography in relation to the growth of modern civilization. London: Grafton,. P.44
- Ohdedar, A.K. Research Methodology - Kolkata : BLA, 1933

৮.২ ওয়েব

- Catalogue of Rare periodical : Prabasi http://www.caluniv.ac.in/DIGI-DCMNT/PRABASI.html Retrieved on April 8, 2014
- উইকিপিডিয়া:একটি মুক্ত বিশ্বকোষ www.bn.wikipedia.org Retrieved on April 8, 2016
- প্রবাসী http://www.banglapedia.org/HT/Prabasi.HTM Retrieved on April 8, 2013
- প্রবাসী www.absar.net/UniOld_Articles.htm Retrieved on April 23, .2013
- বাংলাপিডিয়াঃ ন্যাশনাল এনসাইক্লোপিডিয়া অফ বাংলাদেশ। www.banglapedia.org Retrieved on April 8, 2016
- মিজান রহমান. (২০১৪) লিটল ম্যাগাজিন. http://bn.banglapedia.org/index.php?title=লিটল_ম্যাগাজিন&oldid=794 Retrieved on April 12, 2016.